কুলীন পাত্র দুই তিন শত ঘটকও পাঁচ ছয় শত আনিয়াছিল তাহারদের বিদায় যেমত করিয়াছিলেন তাহাতে সুখ্যাতি হইয়াছে।

আপনার এখানে কিছু কাল স্থিতি আছে।

না আমি বিদায় হইলাম অদ্যই এখানহইতে প্রস্থান করিব।

## প্রতারিম।

আমি মহাশয়ের নিকট আসিয়াছি আমার এক বিষয়ে নালিশ আছে মহাশয় কহিলেই হয়।

বল কি নালিশ তোমার।

আমার এই নালিশ মহাশয়ের জামাতার তালুক আমার এক বাটী আর দুই

*Continuation.*

How many sons and daughters has the eldest?

Two sons and three daughters.

Is the eldest a son or a daughter?

The eldest is a son, then a daughter, after that a son, and after that two daughters.

Are his two sons invested with the brahminical thread or not?

The investiture of the eldest is past. He now studies Grammar; is a teachable boy, and indeed beautiful and fortunate. The youngest writes names.

Has he given his daughters in marriage or not?

When the eldest daughter was eight years old, he brought a chief of the *Kooleensa*, and gave her in marriage to him. The son-in-law i a promising good-natured lad indeed.

What expence did he go to at the wedding? How were the *Ghutukas* and *Kooleenas* received? and how were they dismissed?

There came two or three hundred *Kooleenas*, and five or six hundred *Ghutukas*. He gained much honour by the manner in which he dismissed them.

Shall you make any stay here?

No, I have taken leave, and depart this day.

## ABOUT A RECOMMENDATORY LETTER.

I am come to you, Sir, upon a piece of business. If you, Sir, stand my friend, I shall get through.

Tell me, what is your complaint?

This is my complaint. I have a house and two *bighas* of land

হুড়া জমি আছে সে জমিনের মালগুজারি আদ্যোপান্ত তিন টাকা দিয়া আসিতেছি এখন অন্যায় করিয়া পাঁচ টাকা মালগুজারি চাহেন কাগজ পত্র মানেন না কহেন তোমাকে পাঁচ টাকা মালগুজারি দিতে হবে কপর্দ্দক রেয়াত হইবে না। মহাশয় তাহাকে এক লিখন আমার তরে লিখেন যে অন্যায় না করেন।

আচ্ছা। তোমার তরে আমি লিখন লিখি তাহা যদি না মানেন তবে আমার যথেষ্ট অমর্য্যাদা।

মহাশয় লিখিলে অবশ্য মানিবেন ইহা আমার খুব খাতিরজমা তাকে আমাকে অনেকে কহিয়া দিয়াছে ফলানা মহাশয়ের নিকট যাও তবে এ বিষয় অবশ্য কিনারা হইবে। আমি মহাশয়ের শরণাগত আমার ইহার উদ্ধার মহাশয় করিয়া দেন তবে উদ্ধার হয় নতুবা আর কাক সাধ্য নয়। ইহাতে মহাশয়ের পুণ্য প্রতিষ্ঠা আছে।

ভাল তোমার উপকার যাতে হয় তাহা আমার কর্ত্তব্য আমি লিখন লিখি না মানে লাচার।

## মজুরের কথা বার্ত্তা।

ফলনা কায়েতের বাড়ী মুই কায করিতে গিয়াছিনু তার বাড়ী অনেক কায আছে। তুই যাবি।

না ভাই। মুই সে বাড়ীতে কায করিতে যাব না তারা বড় ঠেটা মুই আর বৎসর তার বাড়ী কায করিয়াছিলাম মোর দু দিনের কড়ি হারামজাদগি করিয়া দিল না মুই সে বেটার বাড়ী আর যাব না।

কেন ভাই। মুইত দেখিলাম সে মানুষ বড় খারা লোককে আগু এক টাকা দিয়াছে আর কহিয়াছে তুই আর লোক নিয়া আসিস মুই আগাম টাকা তাকে দিব।

আচ্ছা ভাই। যদি তুই মোকে সে বাড়ী নিয়া যাবি তবে মুই তোর ঠাঁই মোর খাটুনি নিব।

ভাল ভাই। তুই চল তোর যত খাটুনি হবে তা মুই তোকে দিব।

in your daughter's husband's *talook*. The rent of this ground has always been three rupees a year. Now, he unjustly demands five rupees, and pays no regard to the written agreements. He says, you shall pay five rupees rent; there will not be a farthing abated. Please, Sir, to write a note to him, that he may not act unjustly.

Very well, I will write a letter on your account. If he disregard it, I shall have much dishonour.

If you write, Sir, he will certainly regard it. I am well satisfied about that; several people have said to me, go to such a gentleman, and then you will certainly get through the affair. I am your dependant, Sir. If you get me through this, I shall be safe; otherwise nobody else has power to do it. By this your virtues will be applauded.

Well, it is proper for me to do what I can for your assistance. I will write a note. If he don't attend to it, I can't help it.

## TALK BETWEEN TWO LABOURERS.

I have been to work at the house of such a Kay*u*sto. There is a great deal of work at his house. Will you go?

No, brother. I will not go to work at that house; they are very bad people to deal with. I worked there last year, but they, in a rascally manner, stopped two days' wages. I'll go no more to that fellow's house.

Why, brother, I have seen that he is a very honest man. He gave me a rupee before-hand, and said, Do you bring more men, I'll give them pay in advance.

Very well, brother, if you take me to his house, I'll look to you for my pay.

Well, brother, go. I'll be accountable for your pay.

আচ্ছা ভাই। ইহা কর যদি তবে মুই যাব।

আর দু এক জন তুই ভাই আনিতে পারিস তো সঙ্গে করিয়া আনিবি।

ভাল ভাই। আর দুই জন বাজারে আছে মুই তারদের কাছে যাই যদি নাগাল পাই তবে তাদেরে সঙ্গে করিয়া আনিগে।

তবে শীঘ্র করিয়া তাদের আনগা মুই তোর দেরে ঘরে বসিয়া থাকিলাম ভাই। তুই আন তবে মুই যাই।

আচ্ছা। মুই সকাল আনিব।

ভাল ভাই খবরদার যেন দেরি হয় না।

## খাতক মহাজনি।

নাজির আমি বড় দায়েতে পড়িয়াছি তুমি যদি দশ টাকা কর্জ্জ দিয়া রক্ষা কর তবে সে রক্ষা পাই তা নলে গরু বাছুর ঘটী বেচিয়া সকল রাস্তায় বেচে দেয়।

তোমার কয় হাল আছে আর জোত কয় বিঘা। তোমার মালগুজারি কত লাগে তাহা না বুঝিয়া টাকা কি মতে দিব।

মহাশয় আমার পঁচিশ বিঘা জমি তাহার খাজনা মোকা পনেরো টাকা লাগে। তাহার মধ্যে পাঁচ টাকা দিয়াছি এখন বাকি দশ টাকা আছে অতএব আপনি আমাকে বীজের উপর টাকা দিউন আমি মাষ মাসে সুদ আধ আনা হিসাব ও সে ভাও ধান দিলাম তাহাহইতে দুই কাঠা ঘি টাকায় বরতা দিব। আপনার টাকা ধান আগে আমারে মাপিয়া দিয়া যাহা থাকে তাহা লইয়া যাব।

আচ্ছা তবে টিপ দিয়া নিজু খাতকে আনিল দেও।

সে ভাই মহাশয় আমার চেনা বি তিনিও আমার গাঁয় বসত তাহাকে ডাকিয়া আনিয়ে দি।

Very well, brother; if you do so, I will go.

If you can get another man or two, brother, bring them with you.

Well, brother, there are two men in the market-place, I'll go to them, and if I can find them, will bring them with me.

Then bring them quickly. I'll stay in the house for you. Do you bring them, then I'll go.

Very well, I'll come to-morrow morning.

Very well, brother. Take care; don't be late.

## A MAN WISHING TO BORROW MONEY AND A MERCHANT.

Sir, I am fallen into a great difficulty. If you will preserve me, by lending me ten rupees, I shall be safe. Otherwise my landlord will sell my cattle, my wife and children.

How many ploughs have you? How many b*i*ghas is your farm? What is your yearly rent? If I don't know these things, how can I lend you money.

I have twenty-five b*i*ghas of land, Sir. The whole rent of it is fifteen rupees Of that I have paid five rupees, and now owe ten. Therefore do you, Sir, advance me some money on my crop of rice. I will pay you at the rate of half an ana a rupee per month interest in the month of Magh, and will allow you two kathas (measures) of rice for every rupee over and above its proper selling price. First, I will measure out the amount of your money on the threshing floor, and then what I get besides I will take away.

Well, I am giving the money; but give Neel*oo*-Pal*a* for your security.

Very well, Sir, there is no difficulty in that. He is the M*u*nd*u*l of our town. I'll call him, and write the bond.

## সাবু খাতকি।

হারে রহমৎ খাঁ গাঁজিআড়ার গোবিন্দ ঘোষ অগ্রহায়ণ মাসে টাকার করার করিয়া গিয়াছে এখন পৌষ মাস তথাপি টাকা দিল না। যাওদিকি সে বেটাকে ধরে আন।

মহাশয় এই গোবিন্দ ঘোষ আসিয়াছে।

হারে তুই যে বলিয়াছিলি অগ্রহায়ণ মাসে টাকা দিব সে সকলি অলীক তুই বড় ঠেঁটা লোক আন দেখি টাকা দে।

মহাশয় যাহা বলিতেছেন সে সকলি সত্য বটে কিন্তু দায়ে২ ঠেঁটা হইলাম। আমার কথা কবার পথ নাই কি বলিব। যাহাতে এত দিন আছেন আর কুড়ি দিন কাল সবুর করুন আমি ধান কাটিয়া পাঁচই মাঘে টাকা দাখিল করিয়া দিব। এই কয় দিন মাফ করিতে হবে এখন মারুনি ভাল কি কাটুনি ভাল।

তা হবে না। যে রূপে পারিস টাকা দিয়া তবে যা বেটা বারে২ এক ফক্কুড়ি করে এক বার বলিল ভাদুই ধান বেচে দিব আবার এখন এক পেকনা করিয়াছে। বুঝি টাকা দিবার গা নাই। যাওহে এক জন মাতবর লোক মালজামিন লইয়া ছাড়ে দেহ।

## ঘটকালি।

ঘটক মহাশয় আমার বড় পুত্রটির বিবাহ দিব আপনি একটি সুমানুষের কন্যা স্থির করিয়া আনুন বিস্তর দিবস গৌন না হয় বৈশাখে কিম্বা আষাঢ়ে হইতে চাহে। আমি বিবাহ দিয়া কার্য্য স্থলে যাব এখন না হইলে যে খরচপত্র আনি রাখি সে ফুরিয়া যাবে।

## A MERCHANT AND A DEBTOR.

Here, R*u*h*u*m*u*t-Khan, Gov*i*nd-Ghos*a* of Shazee Ara promised that he would pay that money in the month of Agrahayon; now it is Pous, and yet he has not paid it. Go, seize and bring that fellow.

Sir, here's Gov*i*nd-Ghos*a* come.

Here, you who said you would pay that money in Agrahayon; that was all a deceitful excuse. You are a very bad man to deal with. Go and fetch the money.

What you have said, Sir, is all true, indeed; but I am unmanageable upon certain occasions. What can I say? there is no path for words. You have forborne so long, now have patience twenty days more. When I have reaped my rice I will bring and pay the money on the fifth of Magh. You must look over these few days. If you beat me, or cut me to pieces now, what will it do?

Not so. Pay the money any way that you can; then you may go. A vile fellow, he is always playing his deceitful tricks: at one time he said he would pay when he had sold his Bhadooi rice; now he is putting it off longer. I suppose he don't want to pay at all. Go, R*u*h*u*m*u*t, get a respectable person to be security for his property paying it; then let him go.

## AN AGREEMENT OF MARRIAGE.

Mr. Gh*u*t*u*k*a**, I want to marry my eldest son. Do you fix upon, and bring a young woman of respectable parentage. Let there not be much delay; I wish the wedding to be in Vishakh or Asharh. When the marriage is over, I shall go to my business. If it is not done now, I shall expend all the money I have brought.

* There is a set of men in Bengal, whose business it is to settle marriages, or to act as agents between the parents of the parties. They are generally paid four or five rupees by each of the contracting parties. These people are called gh*u*t*u*kas.

ঘটক কহিলেন। ভাল মহাশয় তাহার ঠেক কি। আপনকার পুত্রের সম্বন্ধ নিমিত্ত আমাকেও অনেকেই কহিয়াছে। আমি আপনকার অপেক্ষায় আছি। দুই তিন জাগায় কন্যা উপস্থিত আছে যেখানে বলেন সেইখানে স্থির করিয়া আসি। কুলীন গ্রামে হরহরি বসুর একটি কন্যা আছে সিটি উপযুক্তা। যেমন নাক মুখ চক্ষু তেমনি বর্ন যেন দুদে আলতায় গোলা আর কর্ম্মাও তেমনি। যদি বলেন তবে তাহার কাছে যাই।

তিনি বলিলেন। ভাল। তাহারি কন্যার সহিত কর্ত্তব্য বটে তুমি যাও। দিবস ধার্য্য করিয়া আইস আর কত পন লাগিবে তাহা জানিয়া আইলে পত্রাদি করিয়া সামগ্রীর আয়োজন করা যায়।

ঘটক যাইয়া হরহরি বসুকে বলিতেছেন বসুজা মহাশয়হে তোমার কন্যার সম্বন্ধ অমুক গ্রামে গৌরহরি ঘোষের পুত্রের সহিত কর্ত্তব্য তাহারা জাত্যংশেও যেমন আর অন্নযোগ স্বচ্ছন্দ আছে সে ব্যক্তি নিজে বরেহাঁ ঠাকুরা। পুত্রটি অতি সুজন লিখিতে পড়িতে মুর্ত্তিমন্ত দৃশ্য ভব্য সভ্য অল্প বয়স এমন পাত্র আর পাবা না ইহা বুঝিয়া জবাব দেহ কিন্তু তাহারা দেরি সহিবে না এই মাসের মধ্যে কর্ম্ম করিতে হবে।

আমার এ কার্য্য অবশ্য করা বটে কিন্তু এ মাসের মধ্যে কার্য্য নির্ব্বাহ হয় না যদি অগ্রহায়নাদিতে করেন তবে আমি পারি নতুবা হয় না।

শুনহে বসুজা এমন বর আর মিলিবে না তুমি যদি কর এমন হয় তবে আমি কিছু পন দিয়া দিতে পারি তাহা বল আমি তাহারদিগকে আনিয়া পত্র করিয়া যাই।

ভাল। যাও আন যাইয়া এই মাসের দশমি এক দিন আছে তোমরা পরসু তাকাতি আইস।

বরকর্ত্তারা আসিয়া বসিলেন পত্রাদি লেখা পড়া হইলে কন্যাকর্ত্তা বাগ্দান করিলেন।

The Gh*utuka* answered, Very well, Sir, what difficulty is there in that ? Several people have spoken to me about your son's marriage. I am at your command. There are young ladies at two or three places. Wherever you tell me, I will go and make the match. At K*oo*leen-Gram is the daughter of H*ur*-H*uri* Bos*oo*. She is just proper : as are her nose, face, and eyes, so also is her colour like alta [lac] dissolved in milk. Her conduct also is of a piece with her person. If you speak I will go to him.

He said, Well, it will be a proper match indeed with his daughter. Go. Come back as soon as you have fixed the day; and when you have ascertained what dowry will be required come, and we will execute the writings ; after which the proper articles shall be prepared.

The Gh*utuka* went to H*ur*-H*uri*-Bos*oo*, and said, Bos*oo*, it will be a very proper thing, Sir, to marry your daughter to Gowr-H*uri*-Ghos*a*'s son, of ———. They are of a good cast, and in easy circumstances, and he is fit to fill a high office as a servant. His son is a very good lad ; knows how to write and read : he is well made, looks well, dresses well, and is young. You will not get such another match. Think on this, and give a reply ; but they won't allow of delay ; they want the wedding to be celebrated this month.

This will certainly be proper for me ; but I cannot get ready this month. If any time after Agrahyon will do, I shall be able, otherwise not.

Hear me, Bos*oo*, you will never get such another match. If you accept it, I can get a little dowry for you. Speak, and I will bring them, and strike the bargain.

Well, go and fetch them. The tenth of this month is a proper day. Do you come by the day after to-morrow.

The father of the bridegroom being come, sat down, and when the articles were drawn up, the father of the young lady betrothed her thus :—

তোমরা সকলে শুন ইহার পুত্রের সহিত আমার কন্যার সম্বন্ধ নির্ণয় হইল যদি প্রজাপতির নির্ব্বন্ধ থাকে দশাগ্নি রোজ দেড় প্রহর রাত্রির পর বিবাহ হবেক।

বরকর্ত্তাও বলিলেন। তোমরা শুন ইহার কন্যার সহিত আমার পুত্রের সম্বন্ধ হইল যদি বিধাতার নির্ব্বন্ধ থাকে তবে হবে ওনিও সামগ্রী আয়োজন করুনগা আমিও করিগা।

## হাটের বিষয়ে।

আইসহে হাটে যাবাতো চল।

ওহে ভাই আর চলে না ওপার্জ্জন কিছুই নাই প্রতি হাটে কড়ি চাই কোথাহইতে হবে। এই সম্প্রতি আজ তৈল নাই লবণ নাই চাওল নাই কি করিব ভাবিছি। পুঁজি আছে কেবল এক টাকা। চলতো যাই না হয় দোকানে দেনিটেনি করে আনিব।

হাটে তোমার কি নীতে হবে। আমার ভাই চাওলটাওল যেনে আছে কেবল শাক মাচ তরিতরকারি আর বৌর জন্যে একখান সাড়ী কিনিতে হবে। এই সে দিন একখান কিনিয়া দিয়াছি ইহার মধ্যে তা ছিরে ফেলিল। আর যা হওক তা হওক কাপড়েই মোরে আঁধার দেখালে।

আরে ভাই আমারো কিনিতে হবে চারি পাঁচ জোড় ও খান দুই তিনি সাড়ী কিন্ত টাকার সঙ্গতি না হলে হবে না।

## স্ত্রীলোকের হাট করা।

আয়টে সকাল করে চল সুতা না বিকিলে তো নুণ তেল বেসাতিপাতি হবে না।

ওটে বুন সে দিন কলাঘাটার হাটে গিয়াছিলাম তাহাতে দেখিয়াছি সুতার কপালে আগুন লাগিয়াছে। পোড়া কপালে তাঁতি বলে কি আটপন করে সুতা খান। সে সকল সুতা আমি এক কাহন বেচেছি টে।

Do you all attend. My daughter is betrothed to this person's son. If it be the decree of Pr*u*jap*uti*, the wedding ceremony will be performed at half past ten at night, on the tenth instant.

The young man's father also said, Do you attend. My son is betrothed to this man's daughter. If it be the decree of V*i*dhata, the marriage will take place. Let him get things ready, and I will do the same.

## GOING TO MARKET.

Come, will you go to market ? Go on.

O brother, this won't do. I have no income. I want money every market-day. Where is it to be got ? This very day there is neither oil, nor salt, nor rice. I am thinking what I must do. There is but one rupee in the house. Go on. I must go. If there's no money I must take things from the shop upon credit.

What do you want from market ? Brother, I have got rice, and the like ; only I must buy greens, fish, and fruits or roots, to eat with my rice, and a cloth (saree) for my wife. The other day I brought and gave her one, but she has torn it. Other things must be as they happen : buying cloth shews me the dark, [i. e. exhausts my substance.]

Oh ! brother, I must also buy four or five suits, and two or three sarees ; but it can't be till I get money.

## WOMEN GOING TO MARKET.

Come, go on while it is morning. If I don't sell the thread, salt, oil, and necessaries can't be bought.

O sister, I went that day to K*u*la-Ghat market. By that I saw, that the forehead [luck] of the thread was on fire. What do you think the burnt-foreheaded weavers say : they say thread is eight puns a skein. I sold all that thread at a kah*un*.

সে দিন দেখিয়া আর হাটপানে যুয়াতে ইচ্ছা করে না। চলদিকি যাই না গেলে তো হবে না ঘরে বেসাতিপাতি কিছু নাই ছেল্যারা ভাত খাবে কি দিয়া আর আট সেরটাইক কাপাইস আনিতে হবে।

ওগো দিদি সূতা আছে। বাহির করদিকি দেখি।

নারে তোরে আর সূতা দিব না আর দিন তুই যে সূতা হাঁটকিয়াছিলি তাহাতে আমার সূতা নষ্ট হইয়াছে।

ওটে পাগল বুন। দেতো দেখি গোচের হয়তো নেব। কতো নিবি বল।

দেড় কাহন হবে দেখদিখি কেমন খেই।

ওটে আর কি সে কাল আছে কোম্পানির দাদন নাই যে কাপড় কুড়ি টাকা ছিল সে পনেরো টাকা ষোলো টাকা দাম হইয়াছে সূতা এখন কে ছোয় দশ পণ পাবি হয়তো দে।

মর আভাগ্যা। বলিতে একটু লাজ লাগে না দশ নুড়া তোর মুখে দি। আমি বেচিব না।

হাঁতে গোসা হইস কেন। আমরা কি করিব যেমন হাট ঘাট তেমন বলিলাম। যা। আর দশ গণ্ডা নীস। দে। না হয় এগারো পণ হইল দিবিতো দে না দিস নীয়া যা।

## স্ত্রীলোকের কথোপকথন।

আমোগো ঠাকুরঝি নাতে যাই।

ওগো দিদি কালি তোরা কি রান্ধেছিলি।

আমরা মাচ আর কলাইর ডাইল আর বাগুন ছেঁচকি করেছিলাম।

তোরদের কি হইয়াছিল।

After seeing that day, I had no desire to look towards market. Go on. Let us go. It won't do if I don't go : there are no necessaries in the house. How shall I feed the children ? Besides, half a ser of cotton must be bought.

Here, eldest sister, have you got thread ? Pull it out. I will look at it.

No, I'll sell no more thread to you. You towzled the thread about so the other day that it was spoiled.

O you foolish sister, give me hold of it. Let me look. If it please me, I'll take it. What will you take ? Say.

It must be a kah*u*n and a half. See what a fine thread.

Ha ! what do times go so now ? the Company gives no advances. That cloth which was worth twenty rupees is now worth only fifteen or sixteen. Who will touch thread now ? You will get ten p*u*ns ; if that will do, give it.

Die, you wretch ! have you no shame to talk so ? Put ten handfuls of lighted straw in your face. I won't sell it.

Heigh day ! why are you angry ? What can we do ? I spoke according to the market price. Go, take ten g*u*ndas more. Give it me. If that don't do, here's eleven p*u*ns. If that will do, give it, if not take it away.

## CONVERSATION BETWEEN WOMEN.

Come, Madam, brahm*u*n's daughter, shall we go to bathe ?

Hey ! eldest sister, what did you cook yesterday ?

We got fish, split pulse, and fried bagoons.

What had you ?

আমারদের জামাই কাল আসিয়াছে রামমুনিকে নীতে। তাইতে শাকের ঘণ্ট সুক্তনি আর বড়া বাগুন ভাজা মুগের ডাইল ইলসা মাছের ভাজা কোল ডিমের বড়া আর পাকা কলার অম্ল হইয়াছিল।

কে রান্ধেছিল বড় বৌ না মেঝে বৌ।

বড় বৌই রান্ধিয়াছিল তিনি কুটনাবাটনা করে দিয়াছেন।

তোদের বৌ কেমন। রান্ধিতে বাড়িতে পারে।

হাঁ বুন সেই বৈ আর কে রান্ধে মেয়েরা কেহ এখানে নাই আপনি কাঁচা বাচা নীয়া লড়িতে পারি না। সকল কামি বড় বৌ করে ছোট বৌতা বড় হিজল দাগুড়া অঙ্গ লাড়ে না আর সদায় তার ঝকড়া কি করিব বুন সহিতে হয় যদি কিছু বলি তবে লোকে বলিবে দেখ এ মাগী বৌদের দেখিতে পারে না। কিন্তু বুন কালা হাঁড়িপানে চাহিয়া বড় বৌটি অতি ভাল এ সংসারের কায কায করে আর ছেল্যা পিল্যা খাওয়াইয়া আচিয়া দেয় আর আমার.দের সেবা সুস্থ করে তাহার জন্যে আমার কোন ব্যামোহ নাই।

## তিয়রিয়া কথা।

হাড়ে ভেগো মাচকে যাবি কি না আতিতো কোয়াং করিছে। মুই দুকারছি তুই দুয়াইছিস।

না। এক কাপকড়ে আইয়াছে। হাঁা ম্যাগ পড়েছে এখন কি জালে যাবাড় সময়। যা ভেঁদে তুই মুইতো এখন যাব না। কালি চেড় আতি থাকিতে গিয়া ছিনু। যাড় বলে খাবার মাচ পেনু না তাতো আজি ম্যাগ পড়েছে।

হাড়ে ভাই ম্যাঘের ভয়ে মোদের কাম চলে না ত্যাবেতো মাগ জাওয়ালকে ভাত কাপড় দিনু। তোর বড় দেখি সুকবাসের শড়ীল হইয়াছে।

## ইজারার পরামর্শ।

আমি তোমাকে এক পরামর্শ জিজ্ঞাসা করি। তুমি আমাকে সৎপরামর্শ যে হয় তাহা দেও।

Our daughter's husband came yesterday to fetch Ram-*Moonee*. On that account we had greens boiled to a pulp, three or four sorts of fruits and roots boiled together, peas-flour dressed, fried bagoons, split *moog* pulse, fried sable fish soop, the roes crumbled, and the acid of ripe plantains.

Who cook'd, the chief or middle wife ?

The chief wife cook'd. She cut, pounded, and prepared all.

How is your house-wife ? can she cook and serve out ?

Yes, sister, who should cook besides her ? There are no more women here. I can't stir for my young child. The chief wife does all the business. The little wife is a grumbling creature, and can't stir herself. She is always quarrelling. What can I do, sister ? it must be borne : if I say any thing, people will say, See, those women can't bear to look at one another. But sister, compared with a black pot, [viz. with people in general] the chief wife is a very excellent person : she does the household business, feeds and cleans the children, and pays proper attention to us. I have no difficulty on her account.

## FISHERMEN'S TALK.

Haloo, Bhego, will you go a fishing ? 'Tis getting light. I called ; you was asleep.

Aye, aye, this is an excuse. Hah ; it rains : is it time to go to the nets now ? Go you to no purpose. I won't go now. Yesterday I went long before light : by so doing I did not get fish to eat, and to-day it rains.

Yes, brother, my work won't go on by the fear of clouds. Shall I be able to clothe and feed my wife and children thus ? I see you have a body formed for ease.

## FARMING LANDS.

I ask your advice about an affair. Give that advice which is good.

কিসের পরামর্শ তাহার বেওরা আমাকে কহ আমি যেমত বঝি তাহার সংশলা যে হয় তাহা দিব।

আমি বাসনা করি যে ফলনা পরগনা কিছু পেষগী দিয়া ইজারা করি তুমি তাহা কি বল।

আমি কহি তোমাকে যে পেষগী দিয়া ইজারা করিবা সে মহল কেমন। তাহার রাইয়ত ভাল কি মন্দ। আর মহল আবাদি কি গয়আবাদি। আর মহলে কি সংস্থান আছে। তাহা বেওরা করিয়া কহ তবে আমি তাহার পরামর্শ দি।

ভাল কহিয়াছ। তবে মহলের কথা আমি বেওরা কহি তাহা শুন। এই মহল একবার আমি ইজারা করিয়াছিলাম তাহাতে আমার লোকশান লাগে নাই যৎকিঞ্চিৎ মুনফা হইয়াছিল। রাইয়ত লোক বড় ভাল মহলে খাদ্য সুদ্ধ যথেষ্ঠ আর মহলের হস্তবুদহইতে হাজার টাকা কম দেয় তুমি ইহাতে যেমত কহ তাহার মত করিব।

আচ্ছা। যদি তোমার এ মহল জানা আছে তবে লওন কর্ত্তব্য বটে কিন্তু যে পেষগীর টাকা দিবা তাহা মদরজানিব করিয়া লইবা।

ভাল ইহার মত করিয়া লইলে আর কোন পেঁচ নাই।

হাঁ এমত করিয়া লইতে আর পেঁচ কি। লওগা। সৎপরামর্শ বটে।

## ভিক্ষুকের কথা।

ফলানা স্থানে নিমন্ত্রণ হইবে। কেমন যাবেন।

যাব কি না যাব তাই ভাবিতেছি। গিয়া পাছে অমনি ফিরিয়া আইসি।

শুনিতে পাই বহু সমারোহ কর্ম্ম না হবারতো বিষয় নয়।

হবে যে তাহা কি রূপে বুঝিতে পারি। এমত আরং কত স্থানে হয় নাই।

সে সত্য কিন্তু এখানে বুঝি কিছু পাইতে পার। অনেকং স্থানের ব্রাহ্মন পণ্ডিতের নিমন্ত্রণ করিয়াছে এমন সমারোহের ব্যাপারে সামাজিক ব্রাহ্মনকে কি কিছু দিবে না।

What do you want advice in ? Tell the particulars. I will give you the best advice according to my understanding.

I have an inclination to give a little in advance, and take the farming of such a p*u*rg*u*na. What say you about it ?

I say, What sort of an estate is it, that you wish to give something in advance to have the farming of ? Are the tenants good or bad ? Is the estate cultivated, or not ? What is there upon it ? Tell me the particulars ; then I'll give you advice.

Well said. Then I'll tell you the particulars of the estate. Hear it. I did farm that estate once, and lost nothing. I rather gained a little. The tenants are very good ; and plenty to eat may be got on the estate. I shall give a thousand rupees less than the rent-roll : but I'll do what you say about it.

Well, if you know the estate, it is proper to take it ; but advance the money with the consent of the principal officer.

Well, there will be no more difficulty about it, if I do thus.

True, what other danger should there be, if you take it in that manner. Take it. 'Tis proper advice indeed.

## CONVERSATION OF BEGGARS.

A Sh*i*v*a* is to be set up at such a place. How ? Will you go ?

I am thinking if I shall go or not. If I go, perhaps I shall have to come back as I went.

I hear there will be a great assembly. There is no reason why we should not get something.

How can I know if I shall get any thing or not ? At how many other places have I been disappointed.

That's true. But I think you may get something here. He has invited the brahm*u*ns and p*u*nd*i*ts of several places. After all this assembling, will he give nothing to the respectable brahm*u*ns ?

কোনং স্থানের ব্রাহ্মন পণ্ডিতের নিমন্ত্রন করিয়াছে তাহা বল দিকি। শুনি।

নবদ্বীপ শাটলি ত্রিবেনী কুমারহট্ট ভাটপাড়া আরং অনেক স্থানে নিমন্ত্রন পত্র দিয়াছে আর শুনিতে পাই সামাজিক ব্রাহ্মনেরদিগকে বিদায় করিবে।

তবে যাওন কর্তব্য হইল। চলতো যাই। শেষ ঈশ্বর যেমন করেন তাই হবে।

বুঝি ঈশ্বর ভালই করিতে পারেন।

## কার্য্য চেষ্টার কথা।

তুমি কলিকাতায় যাবা।

যাব। আমার কিছু দিন দেরি আছে।

এখানে কিছু কার্য্য আছে সে কার্য্য হইলে পর দুই তিন রোজপরে যাইব।

আচ্ছা। আমিও যাব আমার কিছু দিন গৌন আছে।

দুই জনে একত্র হইয়া যাব যখন যাও তখন আমাকে অবশ্যং কহিবা।

ভাল। তোমাকে আমার যাওন পূর্ব্বে কহিব একত্র দুই জনে যাইব। নায়ে যাবা না খুস্কি যাবা।

আমার নায়ে যাবার সঙ্গতি নাই। কি রূপে যাবা।

আচ্ছা ভাল হেটেই যাব।

তোমার কলিকাতায় কি কায আছে।

আমার কলিকাতায় এই কায ওম্মেদারি।

ভাল তুমি কোথায় ওম্মেদারি করিবা।

আমি বড় বাজারে গৌরহরি পালের নিকটে অনেক দিন ওম্মেদার আছি সে লোকের কায এবার তেলেঙ্গার জাহাজের আড়তদার হইয়াছে। সেখানে গেলে বুঝি এক আধ কায হইতে পারে।

The brahm*u*ns of what places has he invited? Tell me. I attend.

He has sent invitations to N*u*v*u*-dweep, Pat*u*lee, Tr*i*venee, Koomar-h*utta*, Bhat-para, and several other places. I hear also that he will (with gifts) dismiss the respectable brahm*u*ns.

Then it is proper to go. Go on. Let us go. The consequence will be as God pleases.

I suppose God can do for the best.

## SEEKING EMPLOYMENT.

Will you go to Calcutta?

I will go, but must delay it a few days.

I have a little business here; I will go in two or three days after that is done.

Well, I will go also. I must delay a few days.

We'll both go together. When you go be sure to tell me.

Well, I'll tell you two or three days before I go. We'll both go together. Will you go in a boat, or on foot?

I can't afford to go in a boat. How do you go?

Well, we'll walk it.

What business have you at Calcutta?

My business at Calcutta is to seek for work.

Well, where do you expect to get employ?

I have expected it for a long time from Gour-H*uri*-Pal*a* of the great Bazar. He has now got the disposing of the cargo of a Tel*i*nga ship, and the furnishing another cargo. I suppose, if I go there, I may get half the job.

তুমি তার কাছে কি প্রকারে মিলিলা।

আমি তাহার মাতুলের এক সুপারিস চিঠি লইয়া গিয়াছিলাম তিনিও সে চিঠি বহুত মাতবর লিখিয়াছিলেন চিঠি পাইয়া পালজী কহিলেন দেখ এখন আমি বেকার বসিয়া আছি আমার কাম হইলে তুমি আইস অবশ্য তোমার উপকার আমাহইতে যে হয় তাহা আমি করিব মাতুল মহাশয় তোমার নিমিত্তে আমাকে যে রূপ লিখিয়াছেন এমত আমাকে আর কখন লিখেন নাই আমার কার্য্য শুনিবা মাত্র আমি সব আমি কাম করিয়া দিব। এই কথোপকথন তাহার সহিত আমার ছিল। এখন তাহার কার্য্য হইয়াছে। বুঝি এক আধ দয়া করিয়া দিতে পারেন।

ভাল বুঝিলাম তবে তোমার কার্য্য হইতে পারে।

হাঁ বুঝি হইতে পারে তবে বরাত।

তুমি কোথা ওম্মেদার।

আমার ওম্মেদারির ঠিকানা নাই কত ঠাঁই গমনাগমন করিতেছি কিছুই হয় না।

বটে আজিকার কার্য্য হওয়া বড় ভার হাঁটিতেং পার সুতা যায়। কার্য্য হয় না।

## কন্দল।

আর শুনেছিসলো নির্ম্মলের মা। এই যে বেনে মাগী অহঙ্কারে আর চক্ষে মুখে পথ দেখে না। হ্যাদ্যাখ। কালি যে আমার ছেল্যা পথে দাঁড়িয়াছিল তা ঐ বুড়া মাগী তিন চারি ছেল্যার মা করিল কি ভরন্ত কলসিডা অমনি ছেল্যার মাথার উপর ডলনি দিয়া গেল। সেইহইতে বাছার বাছা জ্বরে ঝাঁপিয়া পড়েছে. এমন গরবামুকি বলিলে আমার সঙ্গে গালাগালি ঝকড়া করে। এ ভাতারখাগি সর্ব্বনাশীর পুতটা মরুক তিন দিনে তাহার তিনডা বেটার মাথা খাউক ঘাটে বসে মরিল গাউক।

হাঁলো কি জামাইখাগি কি বলছিস। তোরা শুনছিস গো এ আঁটকুড়ি

How did you get acquainted with him ?

I got a letter from his maternal uncle. He recommended me in the strongest terms. When he had read the letter, he told me, You see that I am now without business. When I get a job, do you be sure to come, and I will do something for your advantage. My uncle never wrote to me about any person, in the manner he has written about you. As soon as you hear that I have a job, come, and I will give you employ. I had this conversation with him. Now he has got business. I suppose he may be able to give me half.

Well, then I suppose you will get employment.

Yes, I suppose I may : However it must be as God pleases.

Where do you expect employ ?

I have no certain expectation. I have been going from place to place, but to no purpose.

True, 'tis very difficult now to get employment : one may go about till one's feet are worn out, but get nothing to do.

## A QUARREL.

Here, N*i*rm*u*l's Mother, did you hear ? This Baneea woman cannot see the road with her eyes for pride. Take notice : yesterday my child stood in the road, and that old woman, the mother of three or four children—what do you think she did ? She struck the bottom of a full k*u*ls*i* against my child's head, and then went away. At that my poor child (Sh*u*stee's young one) fell into a fever that wastes all his moisture. She is such a proud wretch that if I speak to her she abuses me and quarrels with me. May the sons of this husband-destroyer die. May she eat the heads of her three boys in three days. May she sit at the river ghat and sing [howl] over her happiness.

Hear, woman, destroyer of your daughter's husband, what do

রাঁড়ির কথা। তুই আমার কি অহঙ্কার দেখলি তিনকুলখাগি আমি কি দেখে তোর ছেল্যার মাথার ওপর দিয়া কলসি নিয়া গিয়াছিলাম যে তুই তাতার পুত কেটে গালাগালি দিছিস। তোর ভালোভার মাথা খাই হালো ভালডা খাগি তোর বুকে কি বাঁস দিয়াছিলাম হাতে।

থাকলো ছারকপালি গিদারি। তোর গেদায় ছাই পলো প্রায়। যদি আমার ছেলের কিছু ভাল মন্দ হয় তবে কি তোর ইটা ভিটা কিছু থাকিবে যা মনে আছে তা করিব। তখন তোমার কোন বাপে রাখে তাই দেখিব। হে ঠাকুর তুমি যদি থাক তবে ওগার তিন বেটা যেন সাপের কামড়ে আজি রাত্রে মরে ও যদি কালি প্রাতঃকালে বাচ্যাং করে কান্দে তবেই ও অহঙ্কারির অহঙ্কারে ছাই পড়ে। হা বড়রাঁড়ি তোর সর্ব্বনাশ হওক। তোর বংশে বাতি দিতে যেন কেহ থাকে না।

ওলো তোর শাপে আমার বাঁ পার বুলা কাড়া যাবে। তোর কি পুত কেটে দি আমার কি পুতের পায়। যালো যা দারোদুয়ারি ভাড়ানি হাট বাজার কুড়ানি খানকি যা। তোর গালাগালিতে আমার কি হবে লো কন্দলি।

আইং। এমন কর্ম্ম কি ও দোষে করেছে তা নয়। ওও পোয়াতি বটে। যা বুন। তুইও যা। ওও থাউক। আর ককড়া কন্দলে কায নাই। পাড়া পড়সি রাত পোহালেই দেখা হবে এত বাড়াবাড়ি কেন।

## স্ত্রীলোকের হাট করন।

হাটে যাবা গো।

যাবগো। তোর কি আনিতে হবেতে।

you say ? Do you hear, good woman, this destitute widow's talk ? What pride have you seen in me ? You destroyer of all your relations, do you think that I struck your child's head with the *kul-si* on purpose and then went away, and that do you abuse my husband and son ? I wish destruction to what you esteem most. Here, you destroyer of all good, what have I thrust a bamboo into your breast ? You.

Stop, you conceited wretch, decreed for baseness, stop. The ashes have almost fallen into your pride. Do you think your house or any thing will remain, if either good or evil befals my child ? I will do that I please. Then I will see what father you have got to preserve you. O Lord ! if thou dost indeed exist, cause that her three children may be bitten by a snake, and die to night. To-morrow morning may she sit and cry, O my child ! my child ! Then the ashes will fall into the pride of this proud wretch. O you widow, may your complete destruction take place. May no one remain in your family to light a lamp.

Woman, your curse will only brush the dust from my left foot. I sacrifice your daughters and sons, and put them under my children's feet. Go, you wretch who beg from house to house, you who clean a little rice for your livelihood. You strumpet, who go through the markets to pick up whatever falls. Go. You quarrelsome wretch, what harm will your abuse do me ?

Ho ! what's this to do ? She did not do it on purpose. She is a mother as well as you. Go sister. Do you also go. Let her also go. There is no more occasion for quarrelling. You are near neighbours. When it is morning, you will see one another What's this tumult for ?

## WOMEN GOING TO MARKET.

Will you go to market ?

I will go. What are you to bring from thence ?

মোর বুন একটু সূতা হইয়াছে তাই বেচিব বেচে যা হয় তা আনিব।

তোর বুন এই কায বই নয়। মোর অনেক কায।

মর। তোর হাটে এতই কি কায।

ও জান না মোর অনেক কায। গাঁর সিকি লোক বুন মোকে সূতা বেচিতে দিয়াছে সে সকল সূতা মোকে বেচিতে হবে আর নুন নেই তেল নেই তা নিতে হবে মাছ তরকারি আনিতে হবে।

তোরে এই গাঁর লোক কয় জনেই সূতা দিয়াছে আমিও এমন দশ বারো জনার সূতা আনিয়াছি তাতো মুই বেচিব মোকেও অনেক২ লোকে কতকি আনিতে কয়েছে যা আনিতে পারি তাই আনিব না আনিতে পারি কড়ি ফিরে দিব।

তবেইতো বুন এক জনার তা আনিব এক জনার তা আনিব না সে আশা করিয়া থাকিবে না আনিলে কি বলিবে।

মর। তা এখন তুই না আনিতে পারিলে কি করিবি বলদিকি।

হাঁ বুন তাইতো ভাবি। আনিবই বা কেমন করে না আনিলে বলিবে আনিল না।

চল বুন কথায়২ বেলা হইতে লাগিল। যাব কখন। বেলা হলে আবার সূতা বিকেবে না। একেতো মন্দা।

চল যাই আর কায কি। এখন কিছু বেলা হয় নাই। এঃ বেলা হয় নাই। তুই দেখদিকি আকাশে সূর্য্য তাকিয়া কত বেলা হইয়াছে।

যে হবার সে হইয়াছে। শীঘ্র যাই হাট লাগিল বুঝি।

Sister, I have got a little thread. I must sell that. When I have sold it, I will bring what is necessary.

What, sister, have you no other business there ? I have much to do.

Yes! what great business have you at the market ?

O ! you do not know : I have much to do ? Why, sister, a quarter of the folks in the town have given their thread to me to sell. I have got all that thread to sell. Besides, I have no salt, nor oil in the house. I must buy some of each. Fish and greens also must be got.

How many of the town's people have given their thread to you ? I have also got ten or twelve people's thread. I must sell that, and do errands for several. What I can get I will bring. If I cannot get the things I will give the money back.

Then, sister, I shall get things for some and not for others. They will be expecting : if I do not get the things what will they say ?

If you can't get the things, what will you do ? Tell me.

Ah ! sister, I am thinking of that. Whether I shall get them, or what shall I do ? If I don't get them, they'll say, Ah ! she has not brought them.

Go on, sister ; while we talk time is going on. When shall we get there ? If it is late, I shall not sell the thread again. The market is now low.

Go. Let us go on. What else have we to do. It is not late yet. Oh ! it is not late. Look at the sky and see what time it is by the sun.

What is to be, has already taken place. Go on. Let us mend our pace. I suppose the market is begun.

# যাজক ও যজমান।

তোমার পিতৃবিয়োগ হইয়াছে শ্রাদ্ধের কি প্রকরণ করিতে পারিবা।

ঠাকুর আমার নাম আছে কিন্তু যোত্র কিছু নাই তাহাতে এখন আমার দুঃসময় বড়।

বটে। এরূপদশা লোকের দুঃসময়েতেই হয় ইহার পর আর বিদশা নাই।

শুন মহাশয় ইহার কি করি আমার যোত্র অগোচর নাই।

সত্য। তোমার বিষয় বিভোগ সমস্তই আমার জ্ঞাতসার আছে। তাহাতে কি করে তোমার আকাশ পাতাল নাম আছে পুতুল না করিতে পারিলে অখ্যাতি।

মহাশয় সে বটে। আমার সংস্থানের উপর দৃষ্টি করিয়া একটা যদ্দ করুন।

যদ্দ করণের আটক হবে না কম বেস হাজার টাকা নইলে কার্য্যের পুতুল হবে না।

তাতো বটে। দেশ নিমন্ত্রণ করিলে হাজার টাকার কমে হইতে পারে না।

তবে তুমি কি দেশ নিমন্ত্রণ করিতে চাহ না।

আমার চাওয়া না চাওয়াতে কিছু হয় না। টাকার কার্য্য কেবল কথায় হয় না।

সে সত্য। তবে কি করিবা একটা উপায় ঠাওরাইতে হয়।

শুন আমি নিবেদন করিতেছি হাজার টাকার কমে দেশের নিমন্ত্রণ হইতে পারে না তবে আমি ঠাওরাই সামাজিক বলিয়া কার্য্য সঙ্কলন করা যায়। তাহাও এখন পারি এমত বুঝি না।

## A PRIEST AND A PERSON WHO WISHES TO MAKE AN OFFERING.

Your father is dead. What sort of a shraddh*a* can you perform ?

Sir, I have a great name, but no ability : on which account this is a bad time with me.

True, the loss of relations always happens in a bad time: what can be worse than that?

Hear me, Sir : What can I do in this matter, the extent of my ability is not unknown to you.

True, I am well acquainted with your concerns and property, but what difference does that make ? Your name is spread through the air and the lower regions. If you can't accomplish this work properly, it will be a disgrace.

That's true, Sir. Do you examine my property, and make out an estimate of the expence.

There is no difficulty in making an estimate. It cannot be done as it ought under a thousand rupees, more or less.

That's true. If I invite all the country, it will not be short of a thousand rupees

What then ? don't you intend to invite all the country ?

What is my intending or not intending : this is the business of money. It will not be done by talking only.

That's true. Then what will you do ? Some expedient must be thought of.

Attend. I tell you the country cannot be entertained under a thousand rupees : but then I think the business may be completed by inviting the principal people. I do not know indeed whether I can do that now.

না। যাহা নহিলে নয় তাহা করিতেই হবে। শাস্ত্রে বলে হতযজ্ঞমদক্ষিণং। যাহা হউক। তাহার এক প্রকার করিতেই হবে।

তিন শ্রেণী নিমন্ত্রণ তাহার জলপান ও বিদায় এবং অনাহুত লোকেরদিগকেও কিছুং করিতে হবে।

সর্ব্ব সমেত তিন শত টাকা হইলে হইতে পারিবে।

দিন সংক্ষেপ হইল চালু চিড়া ও আরং দ্রব্যের বিলিবন্ধ করিয়াছ।

সমস্ত অবধান করুন পৃথকং নিবেদন করি।

বলদিকি প্রথমতঃ চালু চিড়ার কি করিয়াছ।

চালু চিড়ার বায়না দিয়াছি পঞ্চাশ মোন চালু ও কুড়ি মোন চিড়ার ঠিকানা হইয়াছে কেমন মহাশয় ইহাতে কি হবে না।

যথেষ্ট। ইহাতে কার্য্য সমাধা হইয়া আর ওব্বর্ত্তও হইতে পারিবে।

তাহা না হউক কার্য্যের অপ্রতুল হবে না।

ঠাকুরেরদিগের জলপানের কি ধারা করিবা পাক করণের সম্মতি হবে কি না।

চেষ্টা আছে তাহাই করি দশ মোন ময়দা ধরিয়াছি চিনি চার মোন সন্দেশ পঁচিশ মোন দধি ত্রিশ মোন দুগ্ধ পাঁচ মোন।

ইহা হইলেই হবে তবে আর চিড়া মুড়কি দিয়া কেন অখ্যাতি করিবা।

না। চাওরাইয়াছি চিড়া মুড়কি কেবল অনাহুতেরদিগকে দিব।

সে ভাল চাওরাইয়াছ। তিন শ্রেণীকে চিড়া মুড়কি দেওয়া নয়।

No! What is indispensable must be done. The shastru says the sacrifice is spoiled if the gift to the brahmuns be not made. Be it as it may, some method must be taken.

The three casts must be invited, and something must be done for their entertainment and dismissal; and also for those who come without invitation.

All may be done for three hundred rupees.

The time is very short. Have you made provision for the chira, rice, and other articles?

Please to attend to the whole: I will tell you of each separately.

Speak. First, What have you done about rice and chira?

I have given unhusked rice for these two articles. Fifty maunds of rice, and twenty of chira are certain. What do you think, Sir? Will not this be sufficient?

Plenty. The business will be completed by this, and there may be an overplus.

I don't care about that, so that the business is not incomplete.

How will you do for the brahmuns' repast? Will there be a possibility of cooking?

I have been contriving, I intend to do that. I have put down ten maunds of flour, four of sugar, twenty-five of sweet-meats, thirty of curds and whey, and five of milk.

If you get all this, it will do. Why then should you dishonour yourself by chira and moorki?

No. I have been thinking to give chira and moorki to those only who come without invitation.

You have thought well. You will not give chira or moorki to the three casts?

তাহাই হবে। কিন্তু কিছু২ সরু চিড়া ও খাসা মুড়কি করিয়াছি যদি কোন মহাশয় চাহেন তবে দেওয়া যাবে।

সে ভাল করিয়াছ তাহাতে ক্ষতি নাই সে অধিক হইয়াছে অধিকন্তু ন দোষায়।

দানোৎসর্গের স্থান কোথায় হইয়াছে।

ঐ দক্ষিণদিগে সভার স্থান হইয়াছে।

কল্য ক্ষৌরের দিন তাহার আয়োজন অদ্য প্রস্তুত করিতে হইবে।

যে আজ্ঞা মহাশয়। অদ্য আর কার্য্যের বাকি রাখিব না।

দান সমস্ত বাঁধিয়া প্রস্তুত কর।

তা হইতেছে। দুইটি ষোড়শ হবে একটি বৃষ তাহার সামগ্রী তৈয়ার হইয়াছে।

বৃষ ও বৎসতরি আনিয়াছ।

হাঁ মহাশয় তাহা আনিয়াছে কিন্তু বাছুর চারিটা অতিবাদ মাহার্ঘ্য হইয়াছে।

কেন। আগে ওখানে সংবাদ দিতে পার নাই দিলে আমি তাহার ঠিকানা অল্পে ঐ খানে করিতে পারিতাম।

আগে তাহা হয় নাই এখন আর কি হইতে পারে নিবড়ান ঘরে আর যুক্তি নাই।

তা বটে। যাহা হইয়াছে সে ভালই হইয়াছে এখন বিবেচনায় আর কার্য্য দেখে না।

কল্য ক্ষৌর হবে সমস্ত জ্ঞাতি কুটুম্ব নিমন্ত্রণ করিতে পারিবা।

হাঁ তাহা হইয়াছে তাহারদিগকে নিমন্ত্রণ করিতে লোক গিয়াছে।

I shall do that. But I have provided a little fine chira, and excellent *moorki*. If any gentleman chooses some, it will be given him.

You have done well. There is no harm in that. There is more than enough: however there is no harm in plenty.

Where is the place to make the offerings?

Yonder. The place for the assembly is to the south.

To-morrow is the day for being shaved*. You must get things ready for that to-day.

Yes, Sir, I will leave no part of the business undone to-day.

Bind up, and get all the gifts ready.

That is done. There will be two Sorus's [gifts of sixteen vessels] and one bull. All articles are ready for them.

Have you brought the bull and the calves†?

Yes, Sir; they are come, but the calves are amazingly dear.

Why? Could you not have sent word before? then I could have secured them for a trifle.

That was not done before, and now what else can be done? There is no altering a house when the building is finished.

That's true: what is done is well done. Now I see no more occasion for consultation.

To-morrow is the day for you to be shaved. Can you invite all your relations?

Yes, that's done. People are gone to invite them.

* The *Hindoos* do not shave after the death of a parent or near relation till the day appointed by the shastra, which varies according to the person's caste.

† It is common for the richest people in India to make an offering of a bull and four female calves at the shraddh*a* of their parents. These bulls are marked and turned loose, and are called by the English Brahmanee bulls.

এক কালে কন্যাকার দফাও সারিতেছেন ও নিয়ম ভঙ্গ তিন দফায় নিমন্ত্রণ সম্পন্ন করিয়া আসিবেন।

ভাই হইয়াছে মহাশয় এক কালেই কর্ম্ম সম্পন্ন করিয়া আসিবে।

তবে সে ভাল হইয়াছে এক কালে হইল আর দোহর যাইতে হয় না।

আমি কন্যাকার বিষয়ে ভাবিতেছি বস্ত্র সকল ধোপদস্ত হইয়া আনিয়াছে আর সমস্তই প্রস্তুত হইয়াছে কেবল মৎস্য ভাল মিলে নাই।

তাহা কালি পাওয়া যাবে এ সহরে চাঁই টাকা হইলে জিনিস পাওনের আটক হইবে না।

সময়ক্রমে এখন সহরেও কিছু পাওয়া যায় না।

সে সত্য কিন্তু তোমার অদৃষ্ট ভাল অতএব এ কার্য্যের কোন বিষয়ে অপ্রতুল হবে না।

সে তোমারদের আশীর্ব্বাদ মহাশয়েরা যাহারে অনুকূল তাহার অপ্রতুল হবে কেন।

তুমি বড় ভাল লোক অনায়াসে তোমার কার্য্য সিদ্ধ ও মানস পরিপূর্ণ হইবে।

আজিকার গৌরের দফা পঞ্চার্দ্ধিক দেবতা সম্পন্ন করিয়াছেন পূর্ব্বে আমার বড় ভয় ছিল ভাবিতেছিলাম কি হয় না জানি।

কেন তুমি চিন্তা করিতেছিলা কেন তোমাকে আমি না কালি বলিলাম আমি যাহা বলিয়াছি তাহা অবশ্য হবে তুমি কোন বিষয়ে ক্ষোভ পাইবা না তুমি কি জান না অমোঘা ব্রাহ্মণাশিষঃ।

বটে মহাশয় আমার সেই ভরসা আমি জীয়ন্ত বসিয়া রহিয়াছি তবে দেবতা যাহা করেন।

Having invited them to finish the three ceremonies, viz. the business of to-morrow, the offering of the neck-lace and sandal-wood, and the breaking off from the rules of mourning at the same time they will come?

That's done, Sir. They will come and complete all the business at one time.

Then that's well: if it is done at once there will be no occasion to go again.

I am thinking about the business of to-morrow. The clothes are all washed and brought home, and every thing else is ready; only I can't get good fish.

You will get them to-morrow: in this city, if there is money, there will be no difficulty in getting things.

Sometimes we can get nothing in the city.

That's true, but your heart is good. There will be nothing incomplete in your business.

That's your compliment. How should the work of any one fail to whom you gentlemen are friendly?

You are a very good man. Your business and the wish of your heart will be completed without difficulty.

The gods have caused the shaving business of to-day to be completed without any failure. I had many fears. I thought, how shall I get through? I do not know how.

Say. Why was you anxious? Did not I tell you yesterday. Whatever I say will surely come to pass. You will have no trouble about any thing. Don't you know that a brahm*un*'s blessing is irrevocable?

True, Sir, I hope so. I remain prostrate at your feet. Then it must be as the gods please.

তবে কিছুই জানিও না দেবতা তোমার পূজা করিবে আমার দেবতা জানিবার আদেশানুসারে কি আমিই তোমার দেবতা আর তোমার দেবতা কেটা।

তাতো বটে মহাশয় আমরা শূদ্র আমাদের দেবতা ব্রাহ্মণ তাহাতে মহাশয় পুরোহিত মহাশয়ই আমার কর্ত্তা।

কালি যেই সামগ্রী যে স্থানে চাহি তাহা অদ্যই স্থানেং পাঠাও এবং উপযুক্ত লোক নিযোজন কর সকল প্রস্তুত থাকে।

যে আজ্ঞা মহাশয় সে সকল অদ্যই প্রস্তুত করিয়া রাখাইব।

আচ্ছা। তুমি সকলি জ্ঞাত আর তোমাকে বলিতে হবে না তথাচ একবার বলিলাম।

ভাল মহাশয় যে আজ্ঞা করিয়াছেন আমি কি জানি

তুমি স্নান করিয়াছ বেলা অনেক হইল দান উৎসর্গ করিতেং বিস্তর বেলা হইবে।

হাঁ মহাশয় আমি স্নান করিয়াছি।

এখন এ দফা হইল ব্রাহ্মণ ভোজনও সুসম্পন্ন হইয়াছে আরং সকলের খাওয়া খুব হইয়াছে এখন সকলকে বিদায় কর।

অনাহূত লোককে চারিং আনা প্রতিজনকে দিলাম নিয়মতারির দফাও চুকুল হইল।

আচ্ছা তবেই সকল সমাধা হইল। আমার বিদায় এখন করিতে পারিবা।

## স্ত্রীলোকের কথাবার্ত্তা।

তোমরা কয় যা।

আমি সকলের বড় আমার আর তিন যা আছে।

Don't entertain the least anxiety. The gods will accomplish all your wishes. What occasion is there for you to trouble yourself about the gods. Indeed I am your god. What other god have you ?

That's true, Sir. We are shoodr*us*. The brahm*u*ns are our gods. You, Sir, are likewise priest. You, Sir, are my sovereign.

Send all the things to-day, wherever you may need them to-morrow, and appoint proper people to attend. Let every thing be ready.

Yes, Sir, I will get every thing ready to-day.

Very well. You know the whole. There is no need to tell you. Yet I have mentioned it once.

Well, Sir, you have done well. What do I know ?

Have you bathed. 'Tis very late. It will require much time to make the offerings.

Yes, Sir, I have bathed.

This business is done. The entertainment of the brahm*u*ns is finished, and all others have eaten heartily. Now dismiss them all.

I have given those who were not invited four annas a piece, and the breaking off from the rules (of mourning) is also properly done.

Well said. All is complete. Can you now dismiss me ?

## CONVERSATION OF WOMEN.

How many brothers' wives are you ?

I am the chief, and there are three brothers' wives besides.

কেমন যাহং ভাব আছে কি কারের মত।

আহা ঠাকুরাণী আমার যে জ্বালা আমি সকলের বড় আমাকে তাহারা অযুক বুঝিও করে না।

আলো সকলেই কি এক।

না। তাহার মধ্যে ছোট ছুঁড়ী ভাল মানুষের মাইয়া সেইতি আমাকে উপরো ধরাদ করে।

তবে তাহারি সাতে তোমার প্রীতি আছে।

প্রীতি আছে বটে। কিন্ত সকলে অনং তাহাতে সেও সেই মত হয় বা।

সে এখন ছোট আছে তুই একটুকু আস্থা মমতা করিস তবে সে তোরি কানোড়া হইবে।

আমার কানোড়া হবে সে এমন কানোড়া হবার যোগ্য নয় বাঁশহইতে কঞ্চি দড়।

তবে যে বলিলি সে কিছু ভাল।

ভাল সে কেমন ভাল আমাকে বড় একটা তুসমুচু করে না।

তবু ভাল কেমন তোর জোজ্যা পিল্যাতার সেবা সুশ্রুষা করে।

হাঁ তা বটে। আমার জোজ্যা পিল্যা প্রায় তাহারি কাছে থাকে সে তাহারদিগকে খাওয়ায় বোয়ায়।

তারং সারা রাত্রি দিন প্রীতি করে বরং বলিতেছেই তাহার কামাই নাই রাবনের চিলুর মত ঝুলিতেছেই। কেবল মাথা মুড়া খাওয়া আছেই।

তবে কাহাকে সাতে কাহার প্রীতি নাই।

প্রায় না প্রীতি কি ভাল মুখে আলাপও নাই কেবল মাথা মুড়া খাওয়া কাটা কাটা মাত্র।

ও লো তোর ভাতার তারে কেমন ভাল বাসে তাহা বল শুনি।

How ? Do all the brothers' wives live happily, or according to the times ?

O Madam, you can't think what trouble I have. I am the chief: don't you think they will treat me as an any thing ?

What all, or only one ?

No, the little girl is a respectable man's daughter. She has a partiality for me, and converses with me.

Then you cultivate a friendship with her ?

There is a friendship truly ; but they are all bad. Therefore it is to be feared that she will be the same.

She is but a little girl. Do you trust her, and shew a little attachment to her, and she will be always at your beck.

At my beck ! It is not possible to be so under me : a twig is harder than a bamboo.

Then it is as you said, she is pretty good.

Good ! how good ? she don't despise me very much.

Then it is well, does she manage and attend your children.

Yes, that truly. My children are almost always with her : she feeds and washes them.

The other women are murmuring and quarrelling day and night incessantly. Burning like Rav*una*'s funeral pile, they are always at eat your head, eat your head.

Then there is no friendship between any of them ?

Almost none. What friendship ? there is not even conversation with a placid countenance ; nothing but abusive language.

O woman ! Tell me who your husband loves best ? I hear ——

তাহা তার কথা কও কেন এখন আর আমারদের কি আদর আছে নুতনের দিগে মন ব্যতিরেক পুরাতনের দিগে কে চাহে।

তা হউক। তুই সকলের বড় তোর আস্যা মিল্যা হইয়াছে।

কালি যে ভাই দুপর বেলা কচকচি লাগালে মাকুরা দেটি তাহা কি বলিব।

কি জন্য কচকচি হইল।

দূর কর ভাই। তাহা কহিলে আর কি হবে লোকে শুনিলে মন্দ বলিবে আমার বাড়ী ভরা শত্রু এই জন্যে ভয় করি।

বড় বৌ আমার মাথার দিব্য সত্য করিয়া বল।

কালি দুপর বেলা জেটি [illegible] রাখিয়াছিল [illegible] মধ্যে আমার জাল্যা আগ্নে তাত খাইয়াছিল ইহার মধ্যে মাকুরা আসিয়া ক্রন্দন আরম্ভ করিল।

তোর গো বাড়ীর মাইয়াগুলো কেহ কাকে ভাল দেখিতে পারে না।

কি করিব এমত ঠাঁই নাই যে সেখানে গিয়া দশ পাঁচ দিন থাকিলে গায় বাতাস লাগে।

কেন তোর ভাইদের বাড়ী গিয়ে থাক না কেন।

তাহাদের বাড়ী যাইব কি ভাল হইলে তবে ভাইয়েথাকীরদের কাছে রক্ষা আছে। আমার ভাইদের নাম শুনিতে পারে না কেও।

কর্ত্তা [illegible] তিনি কেবল ঠাকুরালির জন্য বাড়ী প্রায় থাকেন না যখন আইসেন তখন গালাগালি তিরস্কার করেন।

তোরদের সংসারের এমত ঐক্য ছিল এখন এমত অনৈক্য হইয়াছে।

Aye, why do you talk about that ? What respect is there to us ? Who regards an old wife without having the mind set upon the new one ?

It may be so. However, you are the chief, and you have children.

O neighbour ! yesterday, about the middle of the day, that middle wench set up such a murmuring. What can I say ?

Why was the murmuring ?

Get away, woman. If I say that, what will be the consequence ? If people hear, they will speak evil. My house is full of enemies: on that account I am afraid.

You chief wife, I adjure you to tell me the truth.

Yesterday, at twelve o'clock, the youngest wife had cooked the dinner ; then my children ate rice first. At that time the middle woman came and set up a quarrel.

Woman ! none of the women of your house can bear to see one another.

What can I say ? One can stay four or five days no where, and have the wind blow on one's body [enjoy peace].

Why don't you go and stay a few days at your brother's ?

What ! go to their house ! If I was to go to their house, do you think I should be preserved from those abusive women ? There is not one of them can bear to hear of my brothers.

My husband scarcely ever stays at home on account of their quarrels and abuse. When he comes he abuses and scolds.

Formerly you agreed so well : now you are always differing.

মাইয়া দুটার বিবাহ দিতে পারিলে আমি সাতটা শর্ষা দিয়া স্নান করি কুলাই চণ্ডির আগে নতো গুয়া পান দিয়া সুবচনী পূজা করি মনস্কামনা সিদ্ধ করিলে হয়।

মায়্যার বিবাহের কোথায় ঠাওর হইয়াছে দেশের মধ্যে না বিদেশে দিবা।

ঈশ্বরের মনে কি আছে বুঝিতে পারি না আমার ইচ্ছা দেশের মধ্যে হইলে ভাল হয়।

তোমার মায়া সকলে কি বলে মাইয়ার মামা মামী কি বলে পাঁচটার যে মত সেই কর্ত্তব্য।

সে যে হউক। আমি বাড়ী যাই বেলা গেল এখনি গালাগালি দিবে।

## মাইয়া কন্দল।

তুমি কোথা গিয়াছিলা পাড়াবেড়ানী সাঁজের কাজ কাম কিছু মনে নাই বটে।

কি কামের দায় তুই ঠেকিয়াছিস যে এত কথা তোর লো।

আমি কামে ঠেকি নাই তুই সকল কামে ঠেকিয়াছিস।

তুই আমার কি কামে ঠেকিয়া এত কথা কইস লো।

চক্ষুখাকী তোর চক্ষুর মাথা খাইয়া দেখিতে পাইস না এ সকল কাম কে করিয়াছে

তোর যে বড় ঠেকার হইয়াছে এক দিন কাম করিয়া এত কইস। আমি তোর সকল জানি।

পুতখাকী তুই আমার কি জানিস। তোর মত পাড়া২ মরদের কাছে আমি যাই না।

[illegible]। তুই যেমন ওহাকে ভাই২ বলিস রাত্রে তারে লীয়া থাকিস। তেমন আমরা নই।

আরে পেটফেলানি খানকি। আমি কারে লীয়া থাকি। তুই কারে দেখেছিস লো।

If I could but give my two daughters in marriage, I would take seven mustard seeds and bathe. I would stand before *Koolai-Chundee* and give betle to *Soovuchunee*. If the desire of my heart be accomplished, all will be well.

Where do you think to marry the girls ? in the country or out of it?

I cannot say what God intends. I think it would be well to marry them near home.

What do all the brothers' wives say ? What say the uncles and aunts ? What five persons agree in, is proper.

As it happens. I will go home. 'Tis late. Now they will abuse me.

## WOMEN'S QUARRELS.

Where have you been, you gossip ? There's none of the business of the evening in your mind—indeed !

What work lies so heavy upon you, that you speak thus ?

I stick at no work. You make a difficulty of every thing.

What work of mine have you done, that you talk at this rate ?

You blind creature ! What, have you put out your eyes that you can't see ? Who did all this work ?

What pride is yours ! You have done one day's work, and say so much about it ! I know all your tricks.

Son-devourer ! What do you know about me ? I don't go from house to house after the men like you.

Strumpet ! We don't call him brother, brother, and then at night go after him as you do.

Ah ! You procuress of abortion ! You strumpet ! Whom do I go to ? Whom have you seen ?

তোর যে বড় গলা রে ভাইখাকী। আজি তোর অহঙ্কার ভাঙ্গিতে হবে। তাহা নহিলে তুই নিরস্ত হবি না।

আজি তুই আমারে নিরস্ত না করিয়া যদি ভাত খাইস তবে তোর পুতের মাথা খাইস।

শুনিতে পাও তোমরা গো রাক্ষসী খানকির কথা এমত রাক্ষসীর মুখে আগুন দেওয়া উচিত।

তুই মুখ সামুলিয়া ক লো আজি তোর ভাল রাতি পোহায় নাই বলিতেছি তোরে।

আমার ভাল রাতি পোহায় নাই কি তোর দেখিস এখন মারিয়া তোর মুখ খোঁতলা করিব তখন জানিবি।

তুই যদি মোরে না মারিস তবে তোর পুতের মাথা খাইস লো খানকি।

গস্তানী বজ্জাতি তুই যেমন পুতের কিরা দিস তোর মুখে ঝাঁটা মারিয়া মুখ ভাঙ্গিয়া দিব লো খানকি ঠেটী।

তুই যদি ঝাঁটা মারিস তবে তোরে কেহ কোন্তা মারিতে পারিবে না।

ভালখাকী তুই যে প্রকার কায করিয়াছিস তাহা কেডা না জানে বড় গলা টলা করিয়া সকল মাত করিবি বুঝি।

তুই যা মনে ঠাওরাইয়াছিস তা কখন হইতে পারিবে না লো। অমুক ভাতারী। তোর কথা সকলেই শুনিয়াছে।

তুই যত সতী সাধ্বী পতিব্রতা তা না জানে লোকে এমন নয়।

কিমত তুই বাড়িয়াছিস কর্ত্তাকে আজি বাড়ী আসিতে দে তোরে লইয়া ঘর করব আমারদের বিদায় দেউন।

তুই আমার নামে ফরিয়াদ করিয়া যত করিতে পারিস তাহাতে কামাই দিস না। তোর বড় দিম্ব লাগেলো।

You make a pretty noise, you devourer of your brother. Your pride shall be broken to-day. You will never be quiet till then.

If you, not having quieted me to-day, should eat rice, you will eat your son's head.

You neighbours! Do you hear this cannibal strumpet's talk? It would be right to put fire in the face of such a cannibal.

Hide your face, woman. Your day light did not come on well this morning, I tell you.

Did my day-light come on badly or yours? Do you see? I'll give you a kick, and bruise your face; then you'll know.

If you don't strike me, eat your own child's head? Strumpet!

You strumpet! You woman of bad cast! thus you adjure me by my son. I'll strike your face with a twig broom, and bruise it. Strumpet! Unmanageable wretch!

If you strike me with a twig broom, do you think nobody can strike you with a grass one?

Well, you devourer! Do you think nobody is acquainted with your goings on? You think to cover all, I suppose, by making a great noise.

What you have got in your head can never be, you such an one's wife. Every body has heard of your goings on.

Don't people know how chaste, and righteous, and obedient to your husband you are?

You get up finely. When the master comes home to-day, let him take you and keep house, and send me away.

Make as many complaints against me as you can. Don't spare in the least. You have made great adjurations, woman.

ভাল তুই থাক। তোর শাপের চালু চড়াইয়া আমার আর কায।

যা তুই আমার যত করিতে পারিস করিস। তোর ভয়েতে আমাকে এ বাড়ী ছাড়িতে হইল।

কি তোমরা রাড় লোকের মত রাত্রি দিন ঝগড়া কর কিছু ভয় নাই।

দেখদেখি। আমি উহাকে ভাল মন্দ কিছু বলি নাই খাম্‌খা আমার পুত কাটে নাতি মারে এত বড় পোড়া কপালির কপাল।

তোমরা সকলি ভাল কেও মন্দ নও এখন এই তাগাদি ক্ষমা দেও সকলে ঘরে যাও কথা শুন তোমারদের যে ধারা ইহাতে কোন ভাল মানুষ তোমাদের বাটী আসিবে না ভাত ও জল খাবে না। সকলি রহেলা। মানুষের সন্তান নও।

আমাকে কি করিতে বল আমি এ বাড়ী ছাড়িয়া না গেলে আমার নিষ্কৃতি নাই।

এখন তোমরা যাহার ছেলা পিলা নীয়া ঘরে যাও তখন সকল কথা বুঝা যাবে। এই তাগাদি রাখ ক্ষমা দেও।

আমি বাড়ি যাই গো বৌরা! সন্ধ্যা হইল বাড়ীর কায কাম কিছু হয় নাই ছেলা পিলা কত গালাগালি দিবে এখন যাইতেং কতক্ষন হইবে। অন্ধকার রাত্রি।

## যজমান যাজকের কথা।

পুরোহিত ঠাকুর ঘরে আছেন।

কে ও রামসুন্দর [illegible] আইসহ। বিছানা দেরে তামাকু দে কও বাবাজি কি মনে করিয়া আসিয়াছ।

আপনি কি বিস্মৃত হইয়াছেন।

Very well, do you stop a little. When I have put the rice for your shraddha over the fire, I can go about other business.

Go. What you can do to me, do. I must leave this house for fear of you.

What, are you like the wild mountaineers? Do you quarrel night and day? Have you no fear?

Look ye. I said neither good nor evil to her. All at once she imprecates death, kicking, and beating upon my son. Such a burnt-foreheaded forehead.

You are all good. There is no one bad. Now from this time forgive one another. All of you go home. Hear me: your conduct is such that no creditable person will come to your house, or eat with you. You are all Rohillas. You are not human beings.

What would you have me do? I shall never be well till I have left this house.

Now take one another's children and go home. Afterwards you will understand all. From this time stop. Forgive one another.

I will go home, O wives. 'Tis evening, and none of the business of the house is done. The children will be plentiful in abuse. Now it will get late while we are going. The nights are dark.

## A PERSON ABOUT TO OFFER A SACRIFICE AND A PRIEST.

Is the priest at home?

Who? O Ram *Soondura-Raya*. Come, come. Spread a seat. Bring some tobacco. Tell me, Sir, what you are come for?

Don't you know? Have you forgotten?

হাঁহাঁ বটেং। তোমার পিতৃশ্রাদ্ধ উপস্থিত আমি পাঁজি দেখিয়াছি শুক্লপক্ষে ত্রয়োদশীতে হবে।

যে আজ্ঞা আমি সামগ্রী আয়োজন করিগা।

হাঁ যাও বাবাজি। এবার কিছু ভাল মতে করিতে হবে এবার যে শ্রাদ্ধে যোড় দিবা সে ভাল হইতে চাহে তা নলে আমি নিব না।

মহাশয় যে আজ্ঞা করিতেছেন তাহা করিতে পারিলে মন্দ কবে এবত বাসনা কার করিলেই আপনার কার্য্য।

যাওহে তুমি না করিলে আর করিবে কে। তুমি তার উপযুক্ত পুত্র। বাঁচিয়া থাকিলে তোমাকে খোরাক পোষাক দিতেতো হইত। তাহার অর্দ্ধেক খরচ করগা তবেই যে ভাল হবে।

বটে মহাশয় যে বলিতেছেন সে সত্য কিন্তু আমি এবার বড় ঠেকিয়াছি। আমার বড় দায় যথেষ্ঠ খরচ রোজগার নাই তাই সকল যেমন উপযুক্ত তাহাতো দেখি তেজেন খাইতে শুইতে কেবল পারেন আর কোন গুন নাই।

সে বটে। যাও তোমার কার্য্য তুমি করিবা যা তোমার সাধ্য তাহা করগা।

শ্রাদ্ধের কিং সামগ্রী লাগিবে তাহার একটু ফর্দ্দ করিয়া দিতে আজ্ঞা হয়।

আচ্ছা ফর্দ্দ করিয়া দি। আর ব্রাহ্মন কত গুলি খাবাইবা তাহা বল কর্ম্মতো সরুসু হবে। ব্রাহ্মন পূর্ব্বে বলা যায়।

আজ্ঞা। ব্রাহ্মন ভোজন করানই মূল পঞ্চাশ জন বলিবেন পঞ্চাশ জনার মতন আমি খাদ্য সামগ্রী করিয়াছি।

## জমিদার রাইয়ত।

তোমারদের এ পরগনায় আবাদ পত্তন কেমন হইয়াছে।

Ha, ha, ha, truly, truly. 'Tis the time of your father's shraddh*a*. I have looked at the almanack. It will be on the thirteenth of the increase of the moon (bright side).

As you order. I will get things ready.

Yes, go Sir. This time it must be done in a rather respectable manner. The cloth which you give for the shraddh*a* must be pretty good this time. If it is not, I will not take it.

Sir, nobody wishes to act otherwise than you say if he can act according to it. If I do it, 'tis my own work [holiness].

Go. If you don't do it, who should? You are his son. If he had lived, you must have provided food and clothing for him. Be at half that expence, then all will be well.

True, Sir. What you say is true; but at this time I am very low. I have a great deal of trouble; great expence, and no income. You also see my brothers, how properly they act. They can only eat and sleep. They have no other quality.

That's true. Go. You must do your own business. Do what you can.

Be so good as to make out an estimate of what will be required for the shraddh*a*.

Well, I will make an estimate. Say how many brahm*u*ns you will entertain? The business must be done the day after to-morrow. Let the brahm*u*ns be invited before that time.

Yes. Entertaining brahm*u*ns is the root of all. You will invite fifty. I have made provision for fifty persons.

## A LANDLORD AND HIS TENANT.

How is the settling and cultivation of this p*u*rg*u*na?

মহাশয় আমারদের এ পরগনায় আবাদের বড়ই খলল হইয়াছে।

কেন। আরং গ্রামে দেখিলাম খুব পত্তন হইয়াছে।

বটে মহাশয়। জোয়ারের বিল ও চর সমস্ত জল ভর জমিন খুব পত্তন হইয়াছে। এ পরগনায় তার বিষয় নাই কেবল ডাঙ্গা ভুঁই যে বল তা কালে জোয়াইল না এবং বৃষ্টি হইল না। কি করা যায়।

তবে বৃষ্টির কমিতে আবাদের খলল পড়িয়াছে।

তা নাই বটে মহাশয়। যদি কালে জল পাইতাম তবে কি আমরা সেও আবাদ করিতে ছাড়ি আমারদের নসিব বুরা। কি করিব।

কালে কিছুই জল এ দেশে কি হয় নাই।

থোড়া না হইয়াছিল এমত নয় যা হইয়াছিল সে সমস্ত নিকাম্মা।

তবে তোরা এখন মালগুজারির কি ঠাওরাইয়াছিস।

কি ঠাওরাইব। রাজকর দিতেই হবে ঠাওরাইয়াছি খাটা খাটনি খাটিয়া কোন প্রকারে দিব।

এত খাটা খাটনি পারিবি যে তাহাতে এত মালগুজারির ঠেকানা হবে।

দেখি চাষা পাঁচটা তাই আছি কেহবা লোনা খাটিবে কেহবা আর কাম করিব।

তোরদের বাটীর বাঁশ সকল বেচিয়াছিস কেন বুঝি তোরা পলাইবি।

না না। তা না সে দিন দুই টাকার বাঁশ বেচিয়া খড় কিনিয়াছি।

তাল তুই করার লিখিয়া দে কর রোজ বাজে টাকা দিবি।

Sir, in this our *purguna* the cultivation is very difficult.

Why, I saw that tenants were plentifully settled in other villages.

True, Sir. Places which fill by the tide, and flats which are full of water, are well cultivated. It is not so in this *purguna*. There is only high ground. The lands subject to overflowings also were not in order to work at the proper time, and there was no rain. What could be done ?

Then the cultivation is so bad on account of want of rain ?

Yes indeed, Sir. If we had had rain in proper time, do you think we should not have cultivated it ? Our fate is bad. What can we do ?

What ? was there no rain in this country at the proper time ?

We cannot say there was not a little, but what there was, was of no use.

Then how do you think to pay your rent ?

What can we think ? The king's taxes must be paid. We will do labouring work, and give it by some means.

Can you get so much work to do, as to secure the payment of so much rent ?

See, Sir. We are four or five brothers : some will work at the salt works, and some will do other work.

Why did you sell all the bamboos of your yard. I suppose you intend to run off.

No, no. Not so : that day I sold two rupees worth of bamboos, and bought some straw.

Well, do you write a promise. How long will you be before you pay it ?

মহাশয় পলাইয়া কোথায় যাইব এই আমার সাত পুরুষের হাড়গোড়া বাড়ী।

মহাশয়েরদের চরনে পড়িয়া রহিয়াছি। যাহা কর।

তৎকথা।

এ শনের মালগুজারি তোর কত বাঁকি।

মহাশয় ও কথা আর কহিও না খাজানা আবাআবিও দিতে পারি নাই।

তবে কি হবে।

তাহা ভাবিয়া কিছুই পাই না। দিব কোন তৌল করিয়া আদায় করিয়া।

রাজার রাজস্ব দিতেই হবে তাহার আটক হইতে পারিবে না। তাহার কি ঠাওরাইছিস।

মহাশয় এ শন গোজাইয়া লইতে হবে বড় নাস্তা নাবুদে পড়িয়াছি।

সে সকল কৈফিয়ত এখন রাখ এ কিস্তির খাজানার কি করিয়াছিস।

খাজানা যোত্র করিতে পারি নাই।

খাজানার জন্যে পেয়াদা মহশুল দিতে হইবে নতুবা টাকা দিবি না।

মহাশয় খাজানার টাকার যোত্র করিতে পারি না আর কোথাহইতে পেয়াদার রোজ দিব।

দশক্রি তারিখে খাজানা চলিবে টাকার ঠেকানা কর গিয়া।

তৎকথা।

মহাশয় পাঁচ সাত রোজ সবুর করিলে ভাই ইহার মধ্যে বাটী আসিবে।

তোর ভাই কোথা গিয়াছে।

Sir, if I run away, where shall I go? This is the house where our bones have been buried for seven generations.

I lie at your feet, Sir. Do what you please.

*Continuation.*

How much do you still owe of this year's rent?

Sir, say no more about that. I can't pay half my rent.

Then what is to be done?

I get nothing by thinking about that. I'll pay it by some contrivance: by letting the land to some other person, who will pay rent and find seed; and we will divide the produce.

The king's taxes must be paid. That can suffer no obstruction. What do you think about that?

Sir, this year's rent must be forgiven. I am fallen into great poverty.

Stop, all these things now. What have you done for this payment?

I cannot pay my rent.

A peon [bailiff] must be set over you for the rent, otherwise you will not pay it.

I am not able, Sir, to pay my rent: where should I get the daily allowance to a peon.

The taxes must be paid in on the tenth of the month. Go and make your money sure.

*Continuation.*

If you will wait five or six days, Sir, my brother will come home.

Where is your brother gone?

ভাই লাল বাজারের চালান লইয়া বনে গিয়াছে সে বাড়ী আইলে টাকা দিতে পারি।

সে কত দিনে আসিবে তবে তুই খাজানার টাকা দিবি।

তোরে পেয়াদা মহশল দিয়া বসাইয়া রাখিয়া টাকা লইয়া ছাড়িয়া দিব।

মহাশয় ভাই বাড়ী না আইলে আমাকে কাটিয়া ফেলাইলেও টাকা হবে না।

জমাদার এ বেটাকে পেয়াদা মহশল দেও।

যে হুকুম মহাশয়।

তৎকথা।

জমাদার সাহেব রহ গোটাকতক কথা কর্ত্তা মহাশয়কে কহি।

ও হারামজাদাকে এখানহইতে লইয়া যাও।

মহাশয় খাজানার টাকার জন্যে এত তম্বি করিতেছেন যে জমি বুনিয়াছিলাম তাহাতে কিছু ফসল পাইলাম না।

ভাদু মাসে যে ফসল পাইয়াছিলি তাহা কি করিলি।

ভাদু মাসে কোথায় ফসল পাইয়াছিলাম এ শন সে জমিতে কিছু হয় নাই।

আরং গ্রামের জমিতে ফসল হইল তোর জমিতেই হইল না।

মহাশয় সে কিমত খারাব জমি তাহার কথা রমজানকে পুছ কর।

তৎকথা।

[…]রে রমজান এ বেটা কি বলে। তুই দেখিয়াছিস।

মহাশয় সে জমিনে বিস্তর তরদুদ করিয়াছিল তাহা ভাল হইল না কি করিবে।

ভাল তুই করার লিখিয়া দে [… …] রোজ বাদে টাকা দিবি।

My brother has got an invoice from Lal-bazar, and is gone into the forest. When he comes I can pay the money.

How long will it be before he comes, and you pay the rent?

I will put a peon over you. When he has waited, and got the money, I'll set you at liberty.

If you cut me to pieces, Sir, there will be no money till my brother comes home.

J*u*madar, put a peon over this fellow.

Yes, Sir, it shall be done.

*Continuation.*

Stay, Mr. J*u*mădar. I want to speak a few words to my landlord.

Take that rascal away from hence.

Sir, you make such a piece of work about this rent. I got no produce from the ground which I did sow.

What did you do with the crop you got in Bhadr*a*.

Where did I get a crop in Bhadr*a*? There was nothing on that ground this year.

There was produce at other villages; what's the reason why you get nothing?

Sir, only ask R*u*mjan what bad ground that is.

*Continuation.*

How, R*u*mjan? What does this fellow say? Have you seen?

He cultivated that ground very carefully, Sir. There was no water: what could he do?

Well, do you write a promise. In how long time will you give the money?

যে আজ্ঞা মহাশয় করার লিখিয়া লউন দশ রোজ পরে টাকা না দেই পেয়াদার রোজের কড়ি দিব।

দশ রোজ দেরি হইতে পারিবে না পাঁচ রোজের করার লিখিয়া দে।

মহাশয় পাঁচ রোজের মধ্যে সুসার করিতে পারি আমার এমত বিষয় কি। দোহাই মহাশয়ের দশ দিনের আজ্ঞা হউক।

আরে এ বেটা বড়ই টৈঁফিতবালা ইহাকে সুন্দররূপ সাজা না দিলে খাজানার টাকা দিবে না।

যাহা করুন কর্ত্তা মহাশয়। এখন বড় লাচারিতে পড়িয়াছি।

তৎকথা।

তুই টাকা কোথাও পাইস না শোন কি কোষ্ঠার উপরে লইলে এ ঘরে দিতে পারিস টাকা রবে না আমার তোড়া জয়ক্রি হবে।

মহাশয়গো কেটা আমা ক শোন কোষ্ঠার উপরে দাদনি করিয়া টাকা দিবে।

আমি বুঝি তোর চারি পাঁচ বিঘা শোন ও কোষ্ঠা প্রস্তুত হইল প্রায়। মহাজনের স্থানে এখবার আছে টাকা চাহিলে পাইতে পারিস।

শোন কোষ্ঠা এখন পর্য্যন্ত তৈয়ার হয় নাই ইহাতে কোন মহাজন আমাকে খাতিরজমা করিয়া টাকা দিবে এখন কি আমার সে কাল আছে।

কেন তোর শ্বশুরেরদের খুব যোত্র আছে তাহারদের কাছে টাকা লইলে পাইতে পারিস।

আহা মহাশয় এ কি বড় মানুষের কুটুম্ব এক জনের যোত্র হইলে দশ জনের তত্ত্বাবার্ত্তা করে।

কেন তোরদের করে না।

Very well, Sir. Write and take the promise. If I can't pay in ten days, I will pay the daily allowance to a peon.

There cannot be a delay of ten days. Write, and give a promise for five days.

I cannot, Sir, pay it in five days. What property of that sort have I got? Have mercy, Sir. Let it be ten days.

Hear, you. This fellow is a great hand at making excuses. If he be not well punished, he will not pay his rent.

What you please, Mr. Landlord. I am fallen into great helplessness this year.

*Continuation.*

Can you get money no where? If you take some advances upon flax or hemp, you may pay the money immediately. I cannot stay for the money. The bag must be made up on the sixth day of the month.

Sir, who will give me money in advance for flax or hemp?

I suppose you have nearly got ready four or five *bighas* of flax and hemp. The merchants will trust you. If you ask them for money, you may get it.

I have no flax or hemp ready yet: therefore who will give me money upon credit? Do you think the times are so with me now?

Why? Your fathers-in-law are in good circumstances. You may get money from them if you want.

Ah! Sir! what's this? Among great people's relations, if one has plenty, he maintains ten.

Why don't you do so?

আমারদের চাসা লোকের সে প্রকার নহে আমরা ওপকারক কাহারে বলে তাহা জানি না মহাশয় মোরা এক লোক মোরদের কথা কি জিজ্ঞাসা করেন।

তৎকথা।

তবে যদি তুই সেখানে না যাইস তোর যে ভাই মাহাজনের লাল বাজারের চালান লইয়া বনে গিয়াছে তাহার স্থানহইতে লইয়া দে।

তাহারদের স্থানে এক ভরার চালান আগাচে লইয়া খরচ করিয়াছি তাহার নিকাষ করিতে পারি নাই।

তুই আজি বাড়ী বেচিয়া টাকার ঠিকানা করিয়া দুই এক দিনের মধ্যে আনিয়া দিস।

মহাশয় আমি যাইয়া চেষ্টা করি যোত্র করিতে পারি আনিয়া দাখিল করিব।

খাজানা দুই চারির মধ্যে চালাল করিতে হবে ইহার মধ্যে আনিয়া দে।

চেষ্টা করিতে যাইতেছি জিনিস বেচিয়া পাই কিম্বা কর্জ্জ পাই হাতে হইলে আনিয়া দাখিল করিয়া দিব।

তুই যদি চালানের দিন টাকা দাখিল করিয়া না দিস তবে তোর আরিন্দা খরচা দিতে হবে।

মহাশয় কর্ত্তা আমি খাজানার টাকাই গোজাইতে পারি না আরিন্দা খরচা দিব।

তবে তোর টাকার জন্যে কি বেবাক টাকা আটক হইয়া থাকিবে।

আমার টাকার জন্য মহাশয়ের কি তোড়া আটক হইয়া থাকিবে।

তুই টাকা না দিলে কি প্রকার করিয়া সেই তোড়া হইবে।

This is not the way of us plowmen. We don't know who to call a helper. We, Sir, are a particular sort of people. Who asks any thing about us ?

*Continuation.*

Then if you will not go there, take it of your brother, who has taken an invoice from the merchant at Lal-bazar and is gone to the woods, and pay it.

I took the money of one boat load from him in Asharh, and have spent it. I cannot clear that off.

Go to-day, sell your house, and procure the money, and pay it in a day or two.

I'll go, Sir, and try. If I can accomplish it, I'll bring and pay the money.

The taxes must be sent in three or four days. Bring it before that time.

I am going to try. If I can get it, by selling my goods, or by borrowing, as soon as I get it into my hand, I will bring it.

If you don't pay the money by the day the rents are sent off, you must pay the expence of sending it afterwards.

Sir, you are governor. I can't clear off my rent. Must I pay extra expences ?

Then, what is the payment of the whole to be stopped on account of your money ?

What will the sending of your bag of rents be hindered for my money ?

If you don't pay, how are the rents to be paid in ?

তামার এক ঠাই আশ্বাস আছে যদি পাই তবে আজি আনিয়া দিব নতুবা মহাশয় জানিয়া বুঝিয়া মারিবেন।

তাহা হইতে পারিবে না তুই এখানহইতে দস্তকর্জ্জা করিয়া দিয়া যা।

মহাশয় মহাজন ঘটাইয়া দিওন আমি দশ রোজ পরে টাঁসমেৎ টাকা আনিয়া দিব।

আমি কোথায় মহাজন ঘটাইতে যাব তুই যে খানে পাইস সেই খানহইতে আনিয়া দে।

মহাশয় আমার যদি এমন এতবার থাকিত তবে এ ক্ষনে আনিয়া দিতাম।

বেটা। তুই বড় বাট্পাড় লোক তোরে খুবকপে শকাই না করিলে টাকা দিবি না।

আপনি মালিক যাহা করেন তাহারি মধ্যে আজি আমি জমি করিয়া চোর হই নাই।

উৎকথা।

এখানে আর কে আছেরে। এ বেটাকে বসাইয়া টাকা লও।

আমি মহাশয়ের প্রজা ধমকাইয়া খেদাইলে এমন অধিকারে বসতি করা যায় না।

তুই প্রতিকিস্তি টাকা দিতে কচকচি করিস এমত রাইয়তের না থাকা ভাল।

যে আজ্ঞা মহাশয় এ ফসল বাজে তাই হবে তোমার মুখের দোষে কেহ টিকিতে পারিবে না।

যা বেটা তুই আমার জমি থাকিলে অনেক প্রজা পাইব।

উৎকথা।

আমাকে যে জমি ও যে বাটী দিয়া রাখিয়াছ তাহাতে দেখিব কত লোক কয়।

তুই যে মহালে আছিস সে মহলে কি আর কখান লোক ছিল না।

I have a little hope in one place. If I succeed I will pay it to-day. If not, Sir, you must rectify the matter by breaking me to pieces, or beating me to dust.

That can't be; borrow something here on the spot, and pay it.

Do you, Sir, procure a merchant. I will bring the money, together with the exorbitant interest, in ten days.

Where shall I go to procure a merchant? Bring it from wherever you can get it.

If I had had so much credit, Sir, I would have brought it now.

Fellow, you are a highwayman. If I am not very severe, you won't pay.

You are sovereign. I am included in whatever you do. I am not a thief because I cultivate the ground.

*Continuation.*

Who else is here? put this fellow in custody, and get the money.

I am your tenant, Sir. If you abuse and drive me away, people will not settle on your estate.

You make a piece of work about paying at every payment. It would be a good thing if such tenants would not stay.

Very well, Sir. I will do so after this crop. Nobody can stay after they see your ill looks.

Go, you fellow. If I have land, I shall have plenty of tenants.

*Continuation.*

I shall see how many people you will settle on the land and house which you have let to me.

Was there never any body in that farm before?

সে মহলে লোক ছিল তাহা আমি জানি সে কখন জমিতে সিয়াল দিতে পারে নাই।

তুই বড় জানিস। ও মহলে যে রাইয়ত ছিল সে যে মালগুজারি করিত তাহার অর্দ্ধেক বই তুই দিস না।

মহাশয় তোমার ও কত বিঘা জমীর মহল ছিল।

কত বিঘা জমীর মহল ও তুই জানিস না না জানিয়া মালগুজারি করিতে ছিস।

আমি লোকের মুখে শুনিয়াছি সাবেক যে মহল ছিল তাহা এখন নাই।

সাবেক যে মহল ছিল তাহা এখন নাই তুই কার কাছে শুনিয়াছিস।

মহাশয় আমি শুনিয়াছি সাবেক যে মহল ছিল তাহাহইতে বুহ্মত্র দিয়াছেন এবং গাঙ্গে ভাঙ্গিয়া গিয়াছে।

ও মহলহইতে কবে বুহ্মত্র দেওয়া গিয়াছে।

মহাশয় তোমার সরকারের চিঠা আছে তাহা দেখিলে সমস্ত জানিতে পারিবেন।

তোমার পাট্টা আন দেখি কত জমি তাহাতে লেখা যায়।

যে আজ্ঞা মহাশয়। তজবিজ করিলে মারা যাই না।

তৎকথা।

এক পেয়াদা সাতে করিয়া গিয়া পাট্টা আন।

পেয়াদা কি কারণ লইয়া যাইব আমি পালাইব না।

তোরে খাতিরজমা কি। এক জনকে মানত দিয়া যা।

মহাশয় আমি কারে মানত দিব আমার গ্রামের কাক দেখি না।

তোরদের গ্রামের চের লোক এখানে আছে এক জনকে বলিয়া দে।

মহাশয় সে পেঁচ আর লাগাইও না আমি বাটীহইতে খাড়াং এখনি আসিব।

I know there were people in the farm. They could never cultivate the land.

You know a vast deal. You don't pay more than half the rent that was paid by the former tenant.

How many b*i*ghas of land was this farm, Sir?

You pretend not to know how many b*i*ghas your land is. What! do you pay rent without knowing that?

I have heard, that all the former land does not now belong to it.

Where did you hear, that formerly there was a quantity of land which is not now in the farm?

I have heard, Sir, that a br*u*hm*u*tr*u* was given out of this land, and that the river has carried some away.

When was land given to brahm*u*ns out of that farm?

Sir, there is the tally of your estate. You may know all by looking into that.

Bring your lease. I will see how much land is written in that.

I will, Sir. If that is examined I shall not be destroyed.

*Continuation.*

Take a peon, and go fetch the lease.

Why should I take a peon? I won't run away.

What assurance have I about you? Give a security and go.

Sir, who should I give for security. I see no one of my town's folks.

There are many of your town's people here. Mention and produce one.

Don't go on that lock again, Sir. I will come from home immediately.

তোর কথায় আস্থা নাই তুই বড় হারামজাদা লোক।

আমি মহাশয়ের সরকারে কি হারামজাদগী করিয়াছি তাহার ঠেকানা নাই।

আমি তোর ও সকল টেকাচিত শুনি না।

মহাশয় আমি দেখিয়া আসি আমার গ্রামের কোনং লোক এখানে আছে।

যা দেখিয়া আয়।

তৎকথা

মহাশয় আমি এখানে বিস্তর তল্লাস করিলাম কাক দেখা পাইলাম না।

তবে তুই পেয়াদা সাতে করিয়া যা।

আমি পেয়াদা সাতে অরিয়া গেলে কোথাহইতে তাহাকে খাইতে দিব।

ভাল। তুই বাটী যা। কালি এক প্রহরের মধ্যে আসিয়া হাজির হইস।

যে আজ্ঞা মহাশয়। অবধান হউক। আজি বিদায় হইলাম।

তৎকথা।

অবধান কর্ত্তা মহাশয়। পাট্টা লইয়া আসিয়াছি নজর করিতে আজ্ঞা হয়।

কাছারি যাইয়া বস মুহুরিরা আইলে দেখিবে এখন।

মহাশয় আমি বিস্তর দেরি করিতে পারিব না কালি পাতা সারিয়া রাখিয়াছি আজি ক্ষেতে যাইয়া পাতা কইতে হবে।

তুই মুহুরির বাটী যাইয়া ডাকিয়া আন।

মুহুরির বাটী কোন ঠাঁই আমি দেখি নাই মহাশয় লোক দিয়া ডাকিয়া আনিতে আজ্ঞা হয়।

তুই জমাদারকে আমার নাম করিয়া বলিয়া আয় এক জন লোক মুহুরির বাটীতে পাঠাইয়া তাহাকে ডাকিয়া আন।

There's no believing your words. You are a great scoundrel.

What villany have I ever acted, Sir, in your affairs. You can't mention an instance.

I won't hear all your excuses.

Sir, I will go and see if any of my town's people are here.

Go. Go and see.

*Continuation.*

I have searched well, Sir, but can find none.

Then take the peon with you and go.

If I take the peon with me, where shall I find money to pay for his food ?

Well, go home, and come to-morrow by nine o'clock.

As you order, Sir. Be attentive. To-day I take leave.

*Continuation.*

Attend, Mr. Landlord. I have brought the lease with me ; be pleased to look at it.

Go to the office and sit down. The clerk will come and look at it immediately.

I can't stay long, Sir. Yesterday I pulled up the rice-plants, and laid them by. To-day I must go into the field and plant them.

Go to the clerk's house, and call him.

I don't know where the clerk's house is. Be pleased, Sir, to send a person to fetch him.

Go to the Jumadar, and tell him in my name to send a person to the clerk's house to call him.

যে আজ্ঞা মহাশয় । বলিয়া আসি।

যা শীঘ্র করিয়া বলিয়া আয় ।

তৎকথা ।

এই যে মহাশয় জমাদার সাহেব আসিয়াছেন ।

কেমন হে জমাদার মুহুরিরা এখনতক কেহ আইসে নাই।

মুহুরিরা আসিয়াছে কেন তাহারদের মহাশয় ।

তুমি এই রাইয়তকে লইয়া যাও মুহুরিরদিগের কাছে দেখিতে বল ইহার পাট্টায় কত বিঘা জমী জমা লেখা যায় ইহার পাট্টা দেখিয়া হিসাব করিয়া লইয়া আইস ।

যে আজ্ঞা মহাশয় । ইহাকে কাচারি লইয়া যাই ।

যাইয়া মুহুরিরদিগকে কহিল। এ রাইয়তের পাট্টা দেখিয়া হিসাব করুন কর্ত্তা কহিয়াছেন ।

ও রাইয়তের হিসাব করাই আছে আজি আর কি হিসাব করিব।

মহাশয় আমার হিসাব কি প্রকার করিয়াছেন শুনি নাই। আমাকে বুঝাইয়া দেওন ।

তুই প্রতিমাসে হিসাব করিস তবু তোর মনে থাকে না ঠেঁটা এক বেটা ।

আমার মহলে কত জমী তোমরা লেখ তাহা রাতি দিন আমি কিছু বুঝিতে পারি না।

তোর মহলে সাবেক যে জমী লেখা যায় তাহা এখন কিছু কমি হইয়াছে।

সাবেক যে জমী মহলে লেখা আছে তাহাহইতে দুই বন্দ ব্রহ্মত্র দিয়াছেন আর জমী আছে!

তোর মহলহইতে কার ব্রহ্মত্র দেওয়া গিয়াছে ব্রহ্মত্রের সাতে তোর কি।

ভট্টাচার্য্য মহাশয়কে যে জমী ব্রহ্মত্র দিয়াছেন সে কাহার মহলহইতে ।

Very well, Sir. I will tell him, and come again.

Go tell him, and return quickly.

*Continuation.*

Sir, the J*u*madar is come.

How J*u*madar? None of the clerks are come yet.

The clerks are come. Why do you ask for them, Sir?

Do you take this tenant to the clerks. Tell them to look how much land is written in his lease; and after they have examined his lease, to make out his account, and come with him.

As you order, Sir. I'll take him to the office.

Going to the clerks, he said, Look at this tenant's lease, and make out his account. 'Tis master's orders.

This tenant's account is made out. What other account must I make out to-day?

How have you made out my account, Sir. I have not heard. Cause me to understand it.

Every month your account is made out, yet you don't understand it, you refractory fellow.

How much land have you entered my farm? I cannot understand that, either by night or by day.

Is your land less now than it was formerly?

You have given two pieces of the original farm to the brahm*u*ns. The rest remains.

When was any thing given to the brahm*u*ns out of your land? What have you to do with land given to brahm*u*ns?

Whose farm was that land taken from, which was given to the teaching brahm*u*n?

ভট্টাচার্য্য মহাশয়কে যে জমী ব্রহ্মত্র দেওয়া গিয়াছে সে গ্রামের সরদারের মহলহইতে তোর মাতে তাহার কি।

তৎকথা।

মহাশয় তুমি চিঠা বাহির করিয়া দেখ তাহাতে সকল লেখা আছে।

এই দেখ চিঠা তোর মহলে ব্রহ্মত্র লেখা যায় না।

আমি সে কথা শুনি না গ্রামের কর্ম্মচারি আছে তাহাকে ডাকাইয়া কহিয়া দেও যে আমার মহল জরিপ করিয়া বুঝাইয়া দেয়।

তুই আগে খাজানার টাকা দাখিল কর তখন তোর ও সকল কৈফিয়ত শুনিব।

আমার মহল জরিপ করিয়া বুঝাইয়া না দিলে আমি খাজানা দিব না।

তোর মহল জরিপ করিলে যেং রাইয়তের বাকি আছে সকলেই কৈফিয়ত করিবে।

কি খাইয়া আমার মহলের এত টাকা মালগুজারি করিব।

তুই আদোপান্ত ও মহলেমালগুজারি করিয়া আসিতেছিল এবার এমত হইলি কেন।

আমার এবার কোন রাহা নাই অন্য স্থানহইতে গতর খাটাইয়া তোমার মাল গুজারি করিতাম এবার তাহাও পারিনাম না।

এখন কৈফিয়ত রাখ মালগুজারির টাকা দে গিয়া।

এই লও মহাশয়। গরু বাছুর বেচিয়া তোমার টাকা আনিয়াছি।

## কথোপকথন।

অমুকা পুত্রের বিবাহ দিয়াছে যথেষ্ট খরচ করিয়াছে।

কোন গ্রামে বিবাহ দিয়াছে কাহার কন্যার সহিত।

রাধামোহনপুরে কমললোচন ঘোষের পুত্র রামচরণ ঘোষ তাহার কন্যার সহিত বিবাহ হইয়াছে।

The land which was given to the teaching-brahm*u*n was taken from the farm of the overseer of the village. What have you to do with that?

*Continuation.*

Take out the tally, Sir, and examine. All is written in that.

Here's the tally. See. There is no gift to brahm*u*ns written to your farm.

I don't hear that. Call the rent gatherer of the village, and give him orders to explain it to me by measuring my land.

First pay your rent. Then I'll hear your excuses.

If you don't clear it up by measuring my land, I won't pay my rent.

If I measure your land, all the tenants who are in arrears will begin to make excuses.

What do I get from this farm, to be able to pay so much rent?

You have paid the same rent for that farm all along. Why do you act thus now?

I have no way left this time. I would have done labouring work, and paid you, but I could not do it now.

Stop all excuses now, and pay your rent.

Here, Sir, take it. I have sold my cattle, and brought it.

## A CONVERSATION.

Such an one has married his son. He expended a great deal of money.

In what village has he married him, and to whose daughter?

He married him at Radha-Moh*u*n-p*oora*, to the daughter of Ram*a*-Ch*u*r*u*n-Ghos*a*, son of K*u*mol-Loch*u*n-Ghos*a*.

আচ্ছা তাহারা ও জাত্যংশে ভাল বটে। উত্তম স্থানেই দিয়াছে ইহার ঘটকালি কে করিয়াছিল।

এ বিবাহের ঘটকালি রামচন্দ্র পুরের শ্যাম সুন্দরবসুজা মহাশয় করিয়াছেন।

তাহা বটে। তিনি নলে আর কার সাধ্য এমন সম্বন্ধ করিতে পারে ইহাতে ঘটকালি কি পাইয়াছে তাহা জান।

জানি তিনি ঘটকালিসবব এক শত টাকা পাইয়াছেন আর তাঁর মর্য্যাদা পচিশ টাকা দিয়া কত সাধ্য সাধনা করিয়া বিদায় করিয়াছে।

হাঁ তা করিবে। তবু তার উপযুক্ত বিদায় হয় নাই। তিনি যে কর্ম্ম করিয়াছেন তাহার উপযুক্ত বিদায় দুই শত টাকা আর এক জোড়া শাল মর্য্যাদা আর যে হয়।

আঃ মহাশয় এই যে খরচ করিয়াছে তাহাকে কি বলিব ওহারে তো দিয়াছে আর ওহার সঙ্গের দশ বারো জনকে বিদায় একং জনকে দশ বারো টাকা করিয়া দিয়াছে আর ওহাকে কতই সয়।

সে বটে ওহার সঙ্গের আর লোক ছিল ভাল আর বিবাহের পনাপন বা কি খরচ পত্র বা কি করিয়াছে। তাহা কিছু বলিতে পার।

তাহার খরচ কত হইয়াছে তাহার নিকর কিছু কহিতে পারি না আন্দাজ দশ বারো হাজার হইয়া থাকিবে।

এত খরচ কিসে হইল। আমিত তাহা কিছু বুঝিতে পারি না। কহদিকি কোন কর্ম্মে কত খরচ হইল।

বিবাহের পন লাগে পাঁচ শত টাকা আর পত্রাদি করিতে যায় তাহার খরচ দু শত টাকা হয়।

ভাল। পত্র করিতে এত খরচ হইবে কেমনে। সে মিথ্যা কথা এমন শুনি না।

আপনি না শুনিলে শুনিতে কহে কে। আমিই যেন মিথ্যা কহিলাম গ্রামে আরলোক আছে তাঁহারদিগকে জিজ্ঞাসা করনগা [illegible] তাঁহারা কি বলেন।

Well, they are of a good cast. He has married him in a good place. Who made this match ?

Mr. Shyam-Soon*dura*-Bos*oo* of Ram-Ch*u*ndr*a*-p*oora* made this match.

That indeed. Who besides him is able to make such a match ? What did he get ? Do you know ?

I know. He got an hundred rupees for making the match, and an honorable gift of twenty-five rupees, with many apologies.

Ha ! Would that do ? Then he was not dismissed in a proper manner. He ought for this business to have got two hundred rupees, and two pair of shawls as a token of respect, besides other gifts.

Ah ! Sir, he was at such expence, what can we say to him. He gave to him, and also gave ten or a dozen rupees each to ten or a dozen people who came with him. What could he do more ?

That indeed ! There were people with him. Well, what dowry did he give ? What did he expend ? Can you say any thing about that ?

I can say nothing certainly about that expence. I guess it may be ten or twelve thousand rupees.

How was all this expence ? I can't conceive any thing about that. Say upon what was all this expence incurred ?

The wedding dowry was five hundred rupees ? and going to execute the writings cost about two hundred more.

Well, why did it cost so much to execute the deeds ? That's false. I won't hear that.

If you don't want to hear it, who desires you to do it ? I, you know, have spoken falsely. There are more folks in the village : go and ask them. What do they say ?

এমত জিজ্ঞাসায় আমার কি প্রয়োজন। ভাল তুমি জান তাই কহ দিখি বরচলনি কিরূপ করিয়াছিল। আর তাহার রোসনাই কি মত হইয়াছিল।

তাহার বরচলনি যে রূপ করিয়াছে তাহা শুন। নবাব সাহেবের নিকটহইতে কোলাখি লিয়া তিনি যে পালকীতে শোয়ার হন সে পালকী আর যত সওয়ারিয়া লোক তাহার অর্দ্ধেক আনিয়াছিলেন আর রোসনাইয়ের কথা কি বলিব। গ্লাসের ঝাড় হাজার করিয়াছিল। আতশবাজি কত করিয়াছিল তাহা কি বলিব আন্দাজ দুই তিন হাজার বাজি হইতে পারিবে।

ভবেত বিবাহ দিয়াছে ভাল। তোমার গ্রামের লোক শুনিয়া থাকিবা অন্য ঘটক কিরূপ বিদায় করিয়াছে। তাহা বল।

আর যে২ ঘটক আনিয়াছিল তাহারা কেহ চারি টাকা এক যোড় কাপড় পাইয়াছে কেহ পাঁচ টাকা এক যোড় কাপড় পাইয়াছে।

আর তবে তার তকসির কি। বিবাহ ভালই দিয়াছে। আমি আর দুই এক লোককে জিজ্ঞাসা করিলাম তাহারা কহিল বিবাহ দিয়াছে এক প্রকার বড় ভাল নয় বড় মন্দ নয় মধ্যম বটে।

যাহারা মন্দ কহিয়াছে তাহারা এমত দুই এক কার তবেত বুঝিতে পার নতুবা কহিতে কি মুখেতে কিছু ঠেকে না সকলি কহিতে পারে।

সকল সে যে হউক। এখন তোমাকে আমি এক কথা জিজ্ঞাসা করি সকলেইত সুখ্যাতি করিয়া গিয়াছে। আমরা ঘটক লোক কিছু পাব কি না।

কী পাইতে পার। যত ঘটক আনিয়াছিল সকলেইত পাইয়াছে কেহত অমনি যায় নাই তোমার না পাবার বিষয় কি মাওন পাবেন।

সমাপ্ত।

What need have I to ask so many persons? You know. Say, how was the bridal procession, and what illuminations?

Hear how the procession was conducted: he gave a doceur to the nabob, and got the palankin in which he himself goes, with half the attendants thereon. What shall I say more about illuminations? there were a thousand branch lamps with glass flowers, lighted up; and I can't say how many fire-works: I suppose there were two or three thousand of them.

Then the wedding was conducted bravely. Your village people probably heard all. How did he dismiss the other gh*u*t*u*k*a*s? Tell that.

Whatever other gh*u*t*u*k*a*s there were, some got four, others five rupees, and a suit of clothes.

Well, what fault is there then? The wedding was well managed. I asked another person or two, but they said he had married him in a certain way, neither very good nor very bad, middling.

Let those who speak evil, go through one or two such, then they'll know; otherwise what difficulty is there in speaking; nothing sticks in the mouth: a man may say any thing.

Die. Let things be as they may. Now I ask you one word: you have seen all; if we go, shall we get any thing or not?

Yes, you may. So many gh*u*t*u*k*a*s came, and no one departed as he came. Why should not you get something? Go. You will get something.

FINIS.

C37
1818

C37
1818

1818

464257

UNIVERSITY OF CALIFORNIA LIBRARY